# সোনামুখী কলেজ বার্ষিক পত্রিকা

# SONAMUKHI COLLEGE ANNUAL MAGAZINE

সোনামুখী ঃঃ বাঁকুড়া


SONAMUKHI, BANKURA



# 'প্রগতি'

# 'PRAGATI'

২০২৩-২৪ শিক্ষাবর্ষ :: Session : 2023-24




A Portion of the Central Library of Sonamukhi College




Glorious Presence of Respectable Vice-Chancellor (Acting) of Bankura University in the Central Library of Sonamukhi College


# সোনামুখী কলেজ বার্ষিক পত্রিকা
# SONAMUKHI COLLEGE ANNUAL MAGAZINE

সোনামুখী, বাঁকুড়া

SONAMUKHI, BANKURA



CENTRAL LIBRARY AND CANTEEN



A PART OF SCIENCE BUILDING

# 'প্রগতি'
# 'PRAGATI'

২০২৩-২৪ শিক্ষাবর্ষ

Session : 2023-24

# 'প্রগতি'

প্রকাশক : ড. বাপ্পাদিত্য মণ্ডল
অধ্যক্ষ, সোনামুখী কলেজ
সোনামুখী, বাঁকুড়া
পিন - ৭২২২০৭

প্রকাশকাল : মার্চ ২০২৪

প্রচ্ছদ অলঙ্করণ : ছাত্র-ছাত্রীবৃন্দ

মুদ্রণে : শ্রীলক্ষ্মী প্রেস
সোনামুখী, বাঁকুড়া
মো : ৭৯০৮৭২১৬৫৪
৯৪৩৪৫২২৬৪২

E-mail : sreelakshmipress522@gmail.c
sreelakshmipress@rediffmail.c

Communication :: info @sonamukhicollege.ac.in
Students' Gateway :: students@sonamukhicollege.ac.in
Call # +91-3244-275251

# SONAMUKHI COLLEGE

23°17'41.2"N 87°24'32.9"E
P.O. & P.S. - SONAMUKHI ✦ DIST.- BANKURA
WEST BENGAL ✦ INDIA - 722 207

NAAC : B⁺ 2022
AISHE : C-44762

Date : 02/01/2024

## From the Desk of Principal ...

Life ranges from first-cry to last breath. Consciousnesstransforms naked to well-dressed. Career sprouts with alphabets. Perfection manifests through education. Development crawls with creativity.Consequence is the social improvement with 'Peace and harmony'.The student community is the best vessel in this marathon of progress. All students have intellectual property, but unfortunately most of them are unaware of it. Although, the students are always ready to sail for their dreams, the factor of inhibition is the word 'introvert' in this rural contour. So, simmering their mind is very much essential. Incubation of their potential shall be ahuge outcome in terms of creativity.

The convener and all the members of Magazine Sub-Committee have started exploring the talents among the students since the beginning of Odd semester of session 2023-24. Support from all staff and some leading students have given this effort a healthy position. Repetition of efforts of Magazine sub-committee, initiatives by Cultural Committee,special emphasis by all other committees as well asDepartments, result the evolution of college magazine as 'PRAGATI 2023-24'.'PRAGATI 2023-24', believe I, will certainly be a gateway for inspiration in creativity.

02/01/2024

Principal
Sonamukhi College
Sonamukhi, Bankura

# From the Desk of the Editor

As the editor/convener of Magazine Committee, I feel immense joy and satisfaction beca like every year, our Sonamukhi College publishes its annual magazine for the session 2023-20 To publish a magazine is somewhat a mammoth task as it includes various stages and proce and herein lies the important role of the editor. Literally I chased the departmental teachers students not once but for many a time for writing articles and drawing paintings for publicatio the college magazine. Though most of the students were unaccustomed to write anything as confessed to me, a few of them have tried to write and have written. This magazine is the offsh of their effort.

I have tried my best to include weightful and valuable writings and drawings keeping in m the worth of the magazine. Unfortunately some of the articles have been excluded as they are appropriate to the quality of the Magazine. Again some of the articles have been reviewed by editorial board looking into the quality aspects.

The Magazine is published using good quality paper, with large number of colored images glossy paper showcasing the glimpses of activities and achievements of students during the curr session. As it is said that a college magazine is the true mirror of the college life, we have inclu educational, literary and sports activities as well as different important celebrations of our coll of this session to reflect the real image of our beloved college.

I am thankful to the Governing Body, Principal, teaching and non-teaching staff and obviou to the members of the Magazine Committee of our college for helping me to bring out this magaz successfully. Should I forget to thank my dear students' community for their contribution in form of poems, essays, stories, drawings etc.? Not, surely not. I cannot be ungrateful by giving thanks to the proof readers who are mostly from Bengali and English departments.

Finally it is my sincere and enthusiastic appeal to all the readers to read and enjoy the issu much as we have enjoyed giving it its maturity and perfection. Please, don't forget to convey y suggestions and criticisms, positive or negative whatever it may be, to the Editorial Board/ Magaz Committee verbally or by sending email to scmagazinecommittee@gmail.com so that minimiz the erratum in the magazine, if any, the Board/Committee will be able to improve the quality the magazine in the next years.

Finishing my editorial with the strong hope that this magazine will be accepted well by and all.

Date : 29/02/2024

( SUPRIYA SAHA )
*Convener, Magazine Committee*

# MEMBERS OF THE GOVERNING BODY

| SL.NO. | NAME OF MEMBERS | DESIGNATION |
|---|---|---|
| 1 | SUROJIT MUKHERJEE | PRESIDENT |
| 2 | Dr. BAPPADITYA MANDAL | SECRETARY |
| 3 | Dr. NITYANANDA PATRA | REPRESENTATIVE OF WBSCHE |
| 4 | Dr. JOYMALYA GHAR | GOVT. NOMINEE |
| 5 | UDAYCHAND SAHA | GOVT. NOMINEE |
| 6 | SUCHITRA MITRA | BKU NOMINEE |
| 7 | ARPAN BHATTACHARYA | BKU NOMINEE |
| 8 | Dr. RATUL SAHA | TEACHERS' REPRESENTATIVE |
| 9 | Dr. DIPAK KUMAR HENS | TEACHERS' REPRESENTATIVE |
| 10 | Dr. MANAS KUMAR GANGULY | TEACHERS' REPRESENTATIVE |
| 11 | G.S. OF STUDENTS' COUNCIL | STUDENTS' REPRESENTATIVE |

# MEMBERS OF THE MAGAZINE COMMITTEE

| *SL.NO.* | *NAME OF MEMBERS* | *DESIGNATION* |
|---|---|---|
| 1 | Dr. BAPPADITYA MANDAL | CHAIRPERSON |
| 2 | SUPRIYA SAHA | CONVENER |
| 3 | Dr. SUMANA SANYAL | JOINT CONVENER |
| 4 | Dr. SADHAN KUMAR PATRA | MEMBER |
| 5 | RAJESH KUMAR DIKSHIT | MEMBER |
| 6 | PADMALOCHAN HANSDA | MEMBER |
| 7 | BIDISHA BASU | MEMBER |
| 8 | TANIMA MOHANTA | MEMBER |
| 9 | ACHINTYA ADHIKARY | MEMBER |
| 10 | SANKAR DAS | MEMBER |
| 11 | STUDENTS' REPRESENTATIVE | MEMBER |
| 12 | G.S.OF STUDENTS' COUNCIL | MEMBER |

# STAFF OF OUR COLLEGE

## *NAME OF THE TEACHING STAFF*

| | NAME | DESIGNATION |
|---|---|---|
| | Dr. BAPPADITYA MANDAL | PRINCIPAL |

### DEPARTMENT OF BENGALI

| SL.NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SK.MOINUL HAQUE | ASSISTANT PROFESSOR |
| 2 | Dr. SUMANA SANYAL | ASSISTANT PROFESSOR |
| 3 | BIDISHA BASU | ASSISTANT PROFESSOR |
| 4 | Dr. IRIN PARVIN | ASSISTANT PROFESSOR |
| 5 | TANIMA MOHANTA | SACT I |
| 6 | MRINMOY SARKAR | SACT I |
| 7 | MOKBUL HAQUE | SACT II |

### DEPARTMENT OF ENGLISH

| SL.NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SUPRIYA SAHA | ASSISTANT PROFESSOR |
| 2 | PADMALOCHAN HANSDA | ASSISTANT PROFESSOR |
| 3 | TINKU PALIT | SACT II |
| 4 | INDRANATH MUKHERJEE | SACT II |
| 5 | SALIL BHUIN | SACT II |

### DEPARTMENT OF SANSKRIT

| SL.NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | Dr. SADHAN KUMAR PATRA | ASSISTANT PROFESSOR |
| 2 | ANUPAM MANDAL | ASSISTANT PROFESSOR |
| 3 | PURNIMA SHIT | SACT II |
| 4 | KAJOL PAL | SACT II |
| 5 | ACHINTYA ADHIKARY | SACT II |
| 6 | ANTARA KONAR | SACT II |

## DEPARTMENT OF HISTORY

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SAHAJAHAN ZAMADAR | ASSISTANT PROFESSOR |
| 2 | KARTICK SIKARI | ASSISTANT PROFESSOR |
| 3 | MADHAB KUNDU | SACT II |
| 4 | ASIM KONAR | SACT II |
| 5 | Dr. ASHOKE GHOSH | SACT I |
| 6 | AKSHAY LAHA | SACT II |
| | MONOJIT GHOSH | SACT II |

## DEPARTMENT OF GEOGRAPHY

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | ASHIS PANDIT | ASSISTANT PROFESSOR |
| 2 | JHANTU BANGAL | SACT II |
| 3 | RINTU ROY | ALUMNUS TRAINEE-TEACHER |

## DEPARTMENT OF PHILOSOPHY

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SUDHAMOYEE KUMAR | ASSISTANT PROFESSOR |
| 2 | JAYDEEP SINGHA | ASSISTANT PROFESSOR |
| 3 | RAMPRASAD KANRAR | ASSISTANT PROFESSOR |
| 4 | MILAN KUNDU | SACT I |
| 5 | SUCHANDRA CHATTOPADHAYA | SACT II |
| 6 | ASHOK DHANI | SACT II |

## DEPARTMENT OF POLITICAL SCIENCE

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | INDRAJIT DAS | ASSOCIATE PROFESSOR |
| 2 | DIPAK NIOGI | ASSOCIATE PROFESSOR |
| 3 | DAYANGZI SHERPA | ASSISTANT PROFESSOR |
| 4 | KABERI CHATTERJEE | SACT II |
| 5 | SWAGATA CHAKRABORTY | SACT II |

## DEPARTMENT OF EDUCATION

| NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | ASIM KUMAR GUIN | SACT II |
| 2 | SAMAPTI RUDRA | SACT II |
| 3 | PROSENJIT RANA | SACT II |

## DEPARTMENT OF PHYSICAL EDUCATION

| NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SWARUP MUKHERJEE | SACT II |
| 2 | AMIT PARAMANIK | ALUMNUS TRAINEE-TEACHER |

## DEPARTMENT OF SOCIAL WORK

| NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SUJAN BANERJEE | INVITED LECTURER |
| 2 | PRASANTA KHAN | INVITED LECTURER |

## DEPARTMENT OF ECONOMICS

| NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | Dr. RATUL SAHA | ASSISTANT PROFESSOR |
| 2 | JAHIRUDDIN SHAIKH | ASSISTANT PROFESSOR |

## DEPARTMENT OF PHYSICS

| NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | Dr. SAIKAT DALUI | ASSISTANT PROFESSOR |
| 2 | Dr. SAIKAT BASU | ASSISTANT PROFESSOR |
| 3 | BIDHAN CHAUDHURI | SACT II |
| 4 | RAKESH MAJI | ALUMNUS TRAINEE-TEACHER |

## DEPARTMENT OF CHEMISTRY

| NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | Dr. SADHAN KUMAR ROY | ASSISTANT PROFESSOR |
| 2 | Dr. JNANOJJAL CHANDA | ASSOCIATE PROFESSOR |
| 3 | SANTU KONAR | SACT II |
| 4 | SOURAV SAHU | ALUMNUS TRAINEE-TEACHER |

## DEPARTMENT OF MATHEMATICS

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SUBHENDU RUIDAS | ASSISTANT PROFESSOR |
| 2 | BISWAJIT BARAT | INVITED LECTURER |
| 3 | MUSTAK MANDAL | ALUMNUS TRAINEE-TEACHER |
| 4 | SANCHITA MANDAL | ALUMNUS TRAINEE-TEACHER |

## DEPARTMENT OF ZOOLOGY

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | Dr. SUBHASREE MAJUMDAR | ASSISTANT PROFESSOR |
| 2 | SUSOBHAN MONDAL | ASSISTANT PROFESSOR |
| 3 | ANUVA BARMAN | ASSISTANT PROFESSOR |
| 4 | SUMANA KABIRAJ | SACT II |
| 5 | JYOTIRMOY PANJA | SACT II |
| 6 | BIPLAB BANERJEE | GLI |

## DEPARTMENT OF BOTANY

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | Dr. PARTHASARATHI DE | ASSOCIATE PROFESSOR |
| 2 | Dr. DIPAK KUMAR HENS | ASSISTANT PROFESSOR |
| 3 | MANISHA HALDER BISWAS | ASSISTANT PROFESSOR |
| 4 | SUDESHNA PAL | SACT II |
| 5 | SUBHADIP GHOSH | ALUMNUS TRAINEE-TEACHER |

## DEPARTMENT OF COMPUTER SCIENCE

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SUBHAJIT DEY | SACT II |
| 2 | AJOY DEY | INVITED LECTURER |

## DEPARTMENT OF COMMERCE

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | Dr. SWAPAN KUMAR SAMANTA | ASSOCIATE PROFESSOR |
| 2 | Dr. SUBIR KUMAR CHOWDHURY | ASSOCIATE PROFESSOR |
| 3 | JAYANTA DUTTA | ASSOCIATE PROFESSOR |
| 4 | ASIM SAMAJPATI | ASSISTANT PROFESSOR |
| 5 | RAJESH KUMAR DIKSHIT | ASSISTANT PROFESSOR |

## CENTRAL LIBRARY

| SL. NO. | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | Dr. MANAS KUMAR GANGULY | LIBRARIAN |
| 2 | SAMIRAN RAKSHIT | INVITED LIBRARY ASSISTANT |

## LIST OF THE NON-TEACHING STAFF

| SL. NO. | NAME OF THE NON-TEACHING STAFF | DESIGNATION |
|---|---|---|
| 1 | ASOKE KUMAR GAIN | LDC & HEAD CLERK-IN-CHARGE |
| 2 | AYANANTA LOHAR | LDC & CASHIER-IN-CHARGE |
| 3 | SWAPAN KUMAR ANKURE | PEON |
| 4 | DEBASISH BISWAS | BEARER |
| 5 | KUNTI DOME | SWEEPER |
| 6 | PRADIP NAG | GUARD |
| 7 | LILABATI BHATTACHARYA | LAB.ATTENDANT OF CHEMISTRY |
| 8 | BONI ROY | LIBRARY PEON |
| 9 | LAKSMI KANTA MANDI | LAB ATTENDANT OF ZOOLOGY |

| SL. NO. | NAME OF THE NON-TEACHING STAFF | DESIGNATION |
|---|---|---|
| 1 | PRADIP DEY | CONTRACTUAL ELECTRICIAN |
| 2 | ASIS KUMAR PAL | CONTRACTUAL CLERK |
| 3 | SAMAR ALI KHAN | CONTRACTUAL CLERK & ACCOUNTANT-IN-CHARGE |
| 4 | SHANKAR DAS | CONTRACTUAL CLERK |
| 5 | BISWANATH ROY | CONTRACTUAL LAB. ATTENDANT |
| 6 | AMARESH BAGDI | CONTRACTUAL KARMA BANDHU |
| 7 | SUSHANTA GORAI | CONTRACTUAL NIGHT GUARD |
| 8 | AMIT DAS | CONTRACTUAL GARDENER |

## THE NAME OF THE COURSES TAUGHT IN OUR COLLEGE

| SL.NO. | SUBJECT | NAME OF THE COURSE |
|---|---|---|
| 1 | BENGALI | B.A. HONOURS IN BENGALI |
| | | B.A.PROGRAMME IN BENGALI |
| | | MAJOR IN BENGALI FROM 2023-2024 SESSION |
| 2 | ENGLISH | B.A. HONOURS IN ENGLISH |
| | | B.A.PROGRAMME IN ENGLISH |
| | | MAJOR IN ENGLISH FROM 2023-2024 SESSION |
| 3 | SANSKRIT | B.A. HONOURS IN SANSKRIT |
| | | B.A.PROGRAMME IN SANSKRIT |
| | | MAJOR IN SANSKRIT FROM 2023-2024 SESSION |
| 4 | HISTORY | B.A. HONOURS IN HISTORY |
| | | B.A.PROGRAMME IN HISTORY |
| | | MAJOR IN HISTORY FROM 2023-2024 SESSION |
| 5 | GEOGRAPHY | B.A. HONOURS IN GEOGRAPHY |
| | | B.A. HONOURS IN GEOGRAPHY |
| | | MAJOR IN GEOGRAPHY FROM 2023-2024 SESSION |
| 6 | PHILOSOPHY | B.A. HONOURS IN PHILOSOPHY |
| | | B.A.PROGRAMME IN PHILOSOPHY |
| | | MAJOR IN PHILOSOPHY FROM 2023-2024 SESSION |
| 7 | POLITICAL SCIENCE | B.A. HONOURS IN POLITICAL SCIENCE |
| | | B.A.PROGRAMME IN POLITICAL SCIENCE |
| | | MAJOR IN POLITICAL SCIENCE FROM 2023-2024 SESSION |
| 8 | EDUCATION | B.A. HONOURS IN EDUCATION |
| | | B.A.PROGRAMME IN EDUCATION |
| | | MAJOR IN EDUCATION FROM 2023-2024 SESSION |
| 9 | PHYSICAL EDUCATION | B.A.PROGRAMME IN PHYSICAL EDUCATION |
| | | MAJOR IN PHYSICAL EDUCATION FROM 2023-2024 SESSION |
| 10 | SOCIAL WORK | B.A. HONOURS IN SOCIAL WORK |
| | | MAJOR IN SOCIAL WORK FROM 2023-2024 SESSION |
| 11 | ECONOMICS | B.A. HONOURS IN ECONOMICS |
| | | B.A.PROGRAMME IN ECONOMICS |
| | | MAJOR IN ECONOMICS FROM 2023-2024 SESSION |
| 12 | PHYSICS | B.SC. HONOURS IN PHYSICS |
| | | B.SC.PROGRAMME IN PHYSICS |
| | | MAJOR IN PHYSICS FROM 2023-2024 SESSION |
| 13 | CHEMISTRY | B.SC. HONOURS IN CHEMISTRY |
| | | B.SC.PROGRAMME IN CHEMISTRY |
| | | MAJOR IN CHEMISTRY FROM 2023-2024 SESSION |
| 14 | MATHEMATICS | B.SC. HONOURS IN MATHEMATICS |
| | | B.SC.PROGRAMME IN MATHEMATICS |
| | | MAJOR IN MATHEMATICS FROM 2023-2024 SESSION |
| 15 | ZOOLOGY | B.SC. HONOURS IN ZOOLOGY |
| | | B.SC.PROGRAMME IN ZOOLOGY |
| | | MAJOR IN ZOOLOGY FROM 2023-2024 SESSION |
| 16 | BOTANY | B.SC. HONOURS IN BOTANY |
| | | B.SC.PROGRAMME IN BOTANY |
| | | MAJOR IN BOTANY FROM 2023-2024 SESSION |
| 17 | COMPUTER SCIENCE | B.SC. HONOURS IN COMPUTER SCIENCE |
| | | MAJOR IN COMPUTER SCIENCE FROM 2023-2024 SESSION |
| 18 | COMMERCE | B.COM. HONOURS IN ACCOUNTANCY |
| | | B.COM.PROGRAMME IN ACCOUNTANCY |
| | | 4-YEAR B.COM PROGRAMME FROM 2023-2024 SESSION |

# সূচিপত্র

## কবিতা


শ্যামাসুন্দরী / শিল্পা পাল ........ ১
Memory / Shuvendu Tantubay ........ ২
মনের চিলেকোঠায় / উজ্জ্বল মণ্ডল ........ ২
শরৎ / প্রিয়াঙ্কা পোদ্দার.. ........ ৩
Why? / Rupen Malla ........ ৩
গ্রামের আলো / পূজা কাপড়ী ........ ৪
স্বার্থপর বাবা / রিয়া সরকার ........ ৪
শিক্ষার আলো / রিয়া মণ্ডল ........ ৫
রঙের বাক্স / সুজাতা দে ........ ৫
মনের কথা / অরিজিৎ ব্যানার্জী ........ ৬
বাবা / অনন্যা রক্ষিত ........ ৬
ছাত্রজীবন / অম্বীশ্বর মিশ্র ........ ৭
পাশের বাড়ি / গগন ডোম ........ ৭
কিছু প্রশ্ন / অনু নন্দী ........ ৮
গ্রামের প্রকৃতি / সন্দীপ রায় ........ ৮
Soldier / Piu Daui ........ ৯
কুমোর পাড়ায় চলছে টোটো/আশিস্ কুমার পাল ........ ১০
অসম্পূর্ণ প্রণয় / শুভদীপ বারি ........ ১০
স্কুল সমাপ্তি / জিৎ রজক ........ ১১
একটি গাছ একটি প্রাণ / মৌমিতা সরকার ........ ১১
সুখ / আয়েশা মোল্লা ........ ১২
কাহিনি / অমিত করঙ্গা ........ ১২
A Digital Dream / Bristi Banerjee ........ ২২


## গল্প / প্রবন্ধ



বন্ধু / আকাশ কর্মকার ........ ১৩
5 জি নেটওয়ার্কের সুবিধা এবং অসুবিধা/ Koheli Sarkar ........ ১৪
শেষ গাছটি / স ির কুন্ডু ........ ১৫
চকলেটের বাক্স / রনিতা বারিক ........ ১৭
সীতাকুণ্ডের চন্দ্রনাথ মন্দির/শান্তনু পাল ........ ১৯
Invigilation Duty to UG Students – An Inspection / Supriya Saha ........ ২০
আমার চেনা সোনামুখী / শিল্পা শর্মা ........ ২৩
জল কাহিনী / জহিরুদ্দিন সেখ ........ ২৪
অকৃতজ্ঞ সমাজ / পিকু নন্দ ........ ২৮
Unlock Your Potential / Pradip Banejree ........ ২৯
দিদির ভালোবাসা / মঞ্জু ঘোষ ........ ৩১
অভিমান / নাসরিন সুলতানা ........ ৩৫
গানের ভিতর দিয়ে যখন দেখি ভুবনখানি / অনন্যা মুখার্জী ........ ৩৬
সোনামুখী ও সোনামুখী কলেজ/আঁখি ব্যানার্জী ........ ৩৮
সোনামুখী ও সোনামুখী কলেজ/শিল্পা শর্মা ........ ৩৮
সোনামুখী ও সোনামুখী কলেজ/প্রদীপ ব্যানার্জী ........ ৩৮




Raj Ruidas
History Hons.



Silpa Pal
Bengali Hons.
[ 3rd Sem ]



Saikat Dalui
5th Sem.



Pallabi Singh
English Hons
[ 5th Sem ]

## শ্যামসুন্দরী

– শিল্পা পাল



ছোটো থেকেই শুনেছি
শ্যামবর্ণা হলেও নাকি –
আমার মধ্যে একটা মিষ্টি ভাব আছে।
যাক আজ সেটা বেশ ভালই বুঝতে পারছি,
এটা একটা মিথ্যা সান্ত্বনা ছাড়া
আর কিছুই না।
সবাই যাকে শ্যামসুন্দরী বলে ডাকতো
সে আজ ভদ্র শিক্ষিত সমাজের কাছে,
এক নিপীড়িত কলঙ্কিনী
উপমা বহন করে বেড়ায়।
আমি আজ বেশ বুঝেছি
মেনে আর মানিয়ে নেওয়াটা এক ভালো অভ্যাস।
তার বিরুদ্ধে প্রতিবাদ মানেই
প্রতিদান এক রাশ কলঙ্ক।
আমার এই শ্যামবর্ণা অপকৃষ্ট মুখ আজ,
অপরাধ-প্রতিবাদী এক কলঙ্কিনীর।
প্রথম যেদিন বোলই পা দিলাম
সেই দিন থেকে শুরু হল লড়াই।
রাস্তায় প্রতিদিন অসংখ্য চোখ
দুর্জেন্য জ্যোতি দিয়ে প্রদক্ষিণ করতে থাকে
ইচ্ছা মতো নোংরা কথোপকথন
অসুরসম বিকট অট্টহাসি।
আঃ! এক অসহ্য যন্ত্রণা

শ্যামসুন্দরী তার প্রতিবাদী ভাষা দিয়ে –
ঝাঁপিয়ে পড়ল তাদের উপর।
তারপর সব শান্ত।
পেরিয়ে গেল সেই কয়েকটা দিন
অসংখ্য সেই চোখের মধ্যে দেখা দিল
একজোড়া রক্তিম চোখ।
পথে হেঁটে যাওয়া জনগণের মাঝে
সেই একজোড়া চোখ খুঁজে নিল
পরিশ্রান্ত, ক্লান্ত, একাকীত্ব এই আমিটাকে
ঝড়ের বেগে এগিয়ে এল সেই চোখ .
আমার পুরো ডানদিকের অংশ
অস্বাভাবিক জ্বালা হতে শুরু করল।
ব্যাস, তারপর সব নিশ্চুপ।
যেদিন আমার জ্ঞান ফিরল
আয়না তার প্রতিবিম্বে –
আর সেই শ্যামসুন্দরীকে দেখাতে পারল না।
সেই দিন থেকে আজ পর্যন্ত –
আয়না তার প্রতিবিম্বে ফিরিয়ে দেয়
এই বিদ্রূপাত্মক পোড়ামুখী আমিটাকে।

## Memory

Shuvendu Tantubay
Sem - III / English Honours

The world is quiet today.
Silence prevails everywhere
Some old emotions sail back to my mind.
your memories flash before my eyes.
This is a story without a happy ending,
still we play on.
As some games are meant to be played,
The grief of your love has come to Life.
My heart will Save it for the rest of my Life.



## মনের চিলেকোঠায়

– উজ্জ্বল মণ্ডল
(বাংলা অনার্স ৫ম সেমিস্টার)

কেমন ভাবে বেঁচে থাকতে হয় বলুন তো?
পাখির ডাকে হওয়া ভোরের মতো!
নাকি হারিয়ে যাওয়া বসন্তের প্রেমের মতো!
রাস্তা জুড়ে কতো লোকের আনাগোনা –
শরতের বিকালে কতো ছেলে গ্রামের আল ধরে
বাড়ি ফিরছি,
কই তুমি তো ফিরে এলেনা!
কত দিন দাঁড়িয়ে আছি এই কৃষ্ণচূড়ার নীচে –
কত পাখি এসে সংসার বাঁধলো –
কত মানুষ হারিয়ে যাওয়া বই খুঁজে পেলো,
কিন্তু আমি সেই লাল খামের চিঠিটা পেলাম না।
কতোকাল তোমার দেখি না বকুলফুল
সেই যে তুমি একদিন মাথায় হাত বুলিয়ে 'পাগল'
বললে হয়তো ভালোবাসি তুমি বুঝেছিল –
তারপর কতদিন হয়ে গেল কেউ 'ভালো থেকো'
বলেনি আর।

## শরৎ

– প্রিয়াঙ্কা গোলদার
(বাংলা ৩য় সেমিষ্টার)

শরৎ মানে –
কাশ ফুলেতে ভরা নদীর পাড়,
শরৎ মানে –
শীতের আভাস নেইকো গরম আর।
শরৎ মানে –
দুর্গা মায়ের মিষ্টি মধুর মুখ,
শরৎ মানে –
ঘুরতে যাওয়ার বিরাট বড়ো সুখ।
শরৎ মানে –
শিউলি ফুলে ভরা সকাল বেলা।
শরৎ মানে –
ঢাকের শব্দে ভরে চারিদিক,
শরৎ মানে –
দুরদর্শনে মহিষাসুর মর্দিনী।
শরৎ মানে –
মা আসছেন সেজেছে মেদিনী
শরৎ মানে –
ভিড় জমেছে মণ্ডপের কাছে
শরৎ মানে –
পুজো শুধু বাজিয়ে জয় ঢাক।



## WHY ?

Rupen Malla
Sem - III / English Honours

Why do we lose our hopes again and again?
why can't we dare to turn around?
why merit list becomes the criterion of life?
could failure be the key to Success?
we know that life means war.
At one Point we even stood in line.
to get the faild Certificate.
why we give up before the life begins
we often forget that suicide is not a solution
Ask the mother who gave birth to you
How broken she was after your death?
you think you are face from every thing
Have you ever thought about what you left
for the people you love or love you?
A chest fue of tears and the pain of
never being able to touch you again.
couldn't you fight a little more?
couldn't you show a little more counage?
you choose silence, you accept defeat to life.
Yhus every day thousand of bright stars are
falling from the chest of this world.

## গ্রামের আলো

– পূজা কাপড়ী
(১ম সেমিষ্টার) বোটানি মেজর


চোখ খুলতেই দেখি এক অচেনা আলো
যা কেড়ে নিয়েছে, আমার অক্ষুন্ন দৃষ্টি,
আর এই দৃষ্টি দিয়েই করেছি আমি
এক নতুন জগতের সৃষ্টি।
দিনে দিনে, ক্ষণে ক্ষণে
তৈরি করেছি নিজেকে,
তাই বড্ড ভালোবাসি
নির্মল গ্রামের আলোকে।
ব্যস্তময় শহরের ফাঁকে
খুঁজতে চাই গ্রামকে,
ঠিক এরকমই দেখতে চাই
আমাদের সমাজটাকে।
গাছপালাহীন সমাজ এতো
যা দেখতে লাগে ঠিক
শশীহীন নিশির মতো।
ভোর পানে চেয়ে দেখি
সবুজে সবুজে শিশিরের ছোঁয়া,
দূর হতে দেখি আমি
কলকারখানার দূষিত ধোঁয়া,
এখানে দেখা যায় বাতাসে
শুকনো পাতার খেলা,
ওখান হতে দেখো
কেবল পলিথিনের মেলা।
সঙ্গীহীন বিকেলেতে যখন
গ্রাম বাংলাকে পড়বে মনে,
খুঁজে দেখো গ্রামবাংলা
আছে তোমার হৃদয়ের কোণে।।




## স্বার্থপর বাবা

– রিয়া সরকার
(৩য় সেমিষ্টার) ইংরেজী অনার্স

সত্যিই বাবা খুব বোকা নিজের স্বার্থ বুঝলো না
শীর্ণ শরীর ঝুঁকে গেলেও মেরুদণ্ড ভাঙলো না।
নীরব শুধু সকলের জন্য কাজই করলো খালি।
সংসার বাগিচায় বাবা হলো স্বার্থহীন এক মালী।
সেলাই করা হকারি জুতো গায়ে ময়লা জামা
সংসারের একমাত্র 'রানার' জানেনা কাকে বলে থামা।
পিতা মাতা দারা সুত যত সবার খেয়াল রাখে
ছেলে মেয়ে পাবেনা খেতে তাই অর্ধাহারে থাকে।
বাবা হলো সংসার চুলায় সহনশীল তপ্ত হাঁড়ি
সকলকে ভালো রাখতে গিয়ে কালশিটে পড়ে তারই।
ছেলে মেয়েকে মানুষ করতে প্রহরী হয় অহর্নিশ
বাহিরে গেলে আজও বলে সময় করে খেয়ে নিস।
পড়ার খরচ ওষুধ খরচ দিদি বা বোনের বিয়ে
যা কিছু সব নীরব সামলায় ছোট্ট শরীর দিয়ে।
মেরুদণ্ড ছাড়া শরীর আর বাবা ছাড়া সংসার
অচল হবে জীবন যাপন সব কিছুই লাগবে অসার।




**Arpita Bagdi**
English Hons.
[ 5th Sem ]



**Snigdha Das**
Philosophy Hons.
[ 3rd Sem ]





Premkumar Dutta
Social Work Dept.
[ 5th Sem ]

## শিক্ষার আলো

– রিয়া মণ্ডল

(৩য় সেমিষ্টার) ইংরাজী অনার্স

শিক্ষাদানে ব্রতী তিনি পথপ্রদর্শক আজ,
অজ্ঞতার অন্ধকার দূর করাই তাহার কাজ।
চ্ছি মোরা আলোর পথে, যে আলো সর্বজ্ঞানের
যুক্তিগামি হচ্ছি মোরা, হচ্ছি উর্ধ্বমনের।
চোখে তার লক্ষ, উন্নত করা নাগরিকদের মান,
ছাত্র সকলের প্রতি যে তার গভীর আছে টান।
শিক্ষকতা মহান পেশা, সেবামূলক কাজ,
শিক্ষাবিমুখ নিন্দুকদের মাথায় পড়ুক বাজ।
চাই অন্ন, চাই বস্ত্র, শিক্ষাও চায় আরোও,
শিক্ষিত হয়ে এই সমাজকে প্রগতিশীল করো।
পছে ভুবন, বাড়ছে জুলুম – শিক্ষারই অভাবে,
রছে মানুষ বাড়ছে দূষণ নিজেদেরই স্বভাবে।
শিক্ষা চাই, শিক্ষিত হও – কেউ বলে না আজ,
স্বল্পজ্ঞানী লোকের তাই বহুরূপী এই সাজ।
শিক্ষাপ্রদীপ জ্বালাবো ঘরে, পর করে শিক্ষাতরী।
নবপ্রজন্ম জেগে উঠুক শিক্ষিতেরই স্পর্শে,
আমরাও তাই মানুষ হচ্ছি তাদেরই ভাবাদর্শে।

## রঙের বাক্স

– সুজাতা দে

(৩য় সেমিষ্টার) ফিলোজফি অনার্স

আমি এখন অনেকটা খরচ হয়ে গেছি
জমিয়ে রাখার মতো এ বুকে এক ফোটা রঙ ছাড়া আর কিছুই নেই।
দুই জোড়া তুলি এই বাক্সটার ভিতর নিরাকার হয়ে শুয়ে রয়েছে,
তারাও যেন বুঝে নিয়েছে দীর্ঘদিবস ধরে,
আমি এখন অনেকটা খরচ হয়ে গেছি।
'এক বিন্দু জল' ও 'এক ফোঁটা রক্ত' দিয়েই
এই বাক্সের ভিতরেই থাকে সেই নির্লিপ্ত রঙের আভা
'বে-নী-আ-স-হ-ক-লা।'
কোনটার কাছে দীর্ঘ কাল ধরে বসে থাকা যায়? কোনটা শ্রেষ্ঠ?
এই যে ফুল ফুটছে সেও তো একটু পরেই ঝরে পড়বে।
জমিয়ে রাখার মতো এ বুকে একফোটা রঙ ছাড়া আর কিছুই থাকবে না।
আমি এখন অনেকটা খরচ হয়ে গেছি।

## মনের কথা

– অরিজিৎ ব্যানার্জী
(৫ম সেমিষ্টার) কম্পিউটার সায়েন্স অনার্স

ভাবছিলাম তোমার কথা এক সন্ধ্যায়
শুয়ে বিছানার এক কোণে
ডুবে গিয়েছিলাম তোমার স্মৃতিতে বোধ হয়।
আসছিল চোখে জল ক্ষণে ক্ষণে
পড়ছিল খুব তোমার কথা মনে........
ঠিক যেমন করে আমি পড়েছিলাম তোমার প্রেমে
ছিলে তুমি আমার কল্পনাতে
যেখানে শুধুই আমি আর তুমি,
নেই অন্য কেউ সাথে।
হঠাৎ দেখি ঘরে জ্বলে উঠল লাইট
মা বললো "কিরে এবার তো ওঠ!"....
তারপর দেখি সেই বিছানা, সেই আলমারি
আর টেবিলের ওপর নামানো 'শ্রীকান্ত'-বইটি
অন্ধকারে শুধু ছিল লুকিয়ে
ঠিক যেমন করে শিশু লুকোয় মাঁয়ের আঁচলে,
উঠে দেখি বালিশটা একটু গেছে ভিজে।
তুমি থাকো ওই তীরে, আর আমি থাকি এই তীরে
আর ..... আমার চোখের জল গিয়ে মিশেছে
কোন এক অচেনা প্রেমের সাগরে।।



## বাবা

– অনন্যা রক্ষিত
৩য় সেমিষ্টার (বাংলা অনার্স)

বাবা, তুমি কোথায় আছো,
কোন যে অজানায় –
চোখ যে আমার,
খুঁজে খুঁজে ক্লান্ত হয়ে যায়।।
হঠাৎ করেই মনে হয়,
তুমি রয়েছো আমার পাশে,
আমার মাথায় হাত বুলিয়ে
বলছো যেন, কাঁদিস নে মা
চেয়ে দেখ – এইতো আমি তোর কাছে।।
চোখের তারায় তুমি যেন
হাজার দীপের আলো।
তোমায় ছাড়া, লাগেনা আর ভালো।।
পৃথিবীতে, জন্ম আমার, ছিল কী ভুল,
স্বার্থপর এই দুনিয়ায়, দিচ্ছি তার মাশুল।
তুমি যদি থাকতে বাবা, দিচ্ছি তার মাশুল।
তুমি যদি থাকতে বাবা, দুঃখ হতো না,
স্বপ্নগুলো রঙিন হয়ে, মেলে দিতো ডানা।।

## ছাত্রজীবন

— অগ্নীশ্বর মিশ্র
(১ম সেমিষ্টার) কম্পিউটার সায়েন্স

...দিন সব কিছু যেনো রঙিন .... হাতে আছে ঘড়ি, মনে স্বপ্নের ছড়া ছড়ি।।
একগুচ্ছ ছাত্র তাদের মনে ছিল একটাই মন্ত্র
নিজের পায়ে দাঁড়িয়ে ভগবানের দারিদ্র্যের চক্র কে করবে সে ভঙ্গ।
এই ভেবে যেই, কলেজ এর মাটিতে পা দিতেই
যৌবনের খিদেই গ্রাস করে বর্তমানে প্রেম নামে বস্তু,
যা নাকি প্রায় ছাত্র জীবনে নির্ধারিত অশ্রু।
ভবিষ্যতের অন্ধকার, কান্নার হা হা কার
যার ফল স্বরূপ বাড়ছে দিন দিন বেকার।।
সময় আছে, ঘুরে দাঁড়াও নইলে তুমি সব হারাও।
ছোট থেকে বড় করেছে বৃদ্ধ পিতা-মাতা,
তাদের কাছে প্রমাণ করো নিজের দক্ষতা।।
প্রেম করো ক্ষতি নেই কিন্তু নিজের সীমানাতেই।।
দেখতে দেখতে বাইস হবে,
বেকারত্বর খেতাব পাবে হাতে গুনে গুনে সব হারাতে হবে।।

## পাশের বাড়ি

— গগন ডোম
(১ম সেমিষ্টার) এডুকেশন




আজকে মাগো পাশের বাড়ি
হয়নি কিছু রান্না
খেলতে গিয়ে শুনতে পেলাম
তাদের করুণ কান্না
সারাটা দিন না খেয়ে সব
ক্ষুধার জ্বালায় মরে
খাবার মতো এমন কিছু
নেই যে তাদের ঘরে।
আমরা তোমরা খেয়ে দেয়ে
বেশতো আছি সুখে
দাওনাগো মা খাবারটা আজ
অনাহারীর মুখে।

## কিছু প্রশ্ন

– অনু নন্দী
(৩য় সেমিষ্টার) বাংলা অনার্স

যদি ফর্সা ধবল রং সৌন্দর্য প্রকাশ করে,
তাহলে! শ্বেতীরোগীদের দেখে নাক সিটকাও কেন?
যদি কালো রং অশুভ হয়
তাহলে কালো চুলের মায়ায় পড়ো কেন?
যদি মুখের দাগগুলো তোমার জন্য লুকোতে হয়,
তাহলে ঠোঁটের উপর ওই কালো তিলটাকে ভালোবাসো কেন?
যদি ওয়েস্টার্ন পোশাক এতটাই ভালো লাগে;
তাহলে শাড়ি পরা মেয়ে দেখে মুগ্ধ হও কেন?
যদি সাজগোজ ভালো না লাগে,
তাহলে কাজল কালো চোখ খোঁজ কেন?
যদি চঞ্চলতা ভালো লাগে,
তাহলে শান্ত খোঁজ করো কেন?
যদি গর্ভের দুর্গাকে মেরেই ফেললে,
তাহলে লক্ষ লক্ষ টাকা দিয়ে দুর্গাপুজো করো কেন!
যদি কালো মেয়েদের দেখতে খারাপ লাগে,
তাহলে মা কালিকে দেবী বলো কেন!



## গ্রামের প্রকৃতি

– সন্দীপ রায়
(৩য় সেমিষ্টার) সংস্কৃত বিভাগ

সারা বিশ্বে কত জায়গা কত তীর্থধাম।
তাহার মাঝে সবার সেরা মোদের প্রিয় গ্রাম।
আমার দুচোখ যেদিক যায় চায় যতদূর
ধনধান্যে পুষ্পে ভরা সোনালি রোদ্দুর।
গ্রামের পাশে পদ্মপুকুর, আছে নদী নালা,
গ্রীষ্মে তাহার উষ্ণজল, শীতে তাহার কালা।
সকাল সাঁঝে বেরোলে পরে জুড়িয়ে যাবে আঁখি,
গাছে-গাছে ডালে ডালে রং-বেরঙের পাখি।
ময়না, চড়ুই, পায়রা, বুলবুলি আর টিয়ে,
ছোট্টরা সব খেলা করে, পুতুলদের দেয় বিয়ে।
গাছে গাছে নানান ফল আম, জাম, চালতা,
প্রভাতে সূর্যিমামা বেরোন মেখে আলতা।
ছোটো বড়ো সকলে করে নদীর জলে নাওয়া,
সকাল বিকাল ক্ষেতের ধারে মাখে মিঠে হাওয়া।
গ্রামের পাশে সবুজ গাছের হাওয়ারা গায় গান
গ্রীষ্মে তাই উত্তাপেতে জুড়োয় সবার প্রাণ।



Sweta Nandi
Computer Sc. Hons.
[ 3rd Sem ]



Laxmi Samaddar
Pol. Sc. Dept.
[ 3rd Sem. ]


Tanushree Mahanta
Philosophy Hons.
[ 5th Sem ]


Piyali Rudra
Philosophy
[ 5th Sem ]

# SOLDIER

—*Piu Daui*
[Sem - III] English Hons.



Blessed are you, o soldier
You are unique in protecting the country
You have given yourself nothing in selfishness
Your discipline is truly teachable
If we talk about sacrifice
Your are hundred percent there
You are incomparable in patience
Be patient if you are worried
In screenplay and imagination
You are a real hero.
At the peak of duty according to one's own actions
You left your family behind.

In the horror of war
Protecting the country by saying 'Jai Hind'
In the extreme intoxication of fulfilling the oath
Feel free to be a martyr
Brave hero that you are
The greatest warrior
Destruction of enemies is intoxicating
You are a fierce lion
In the solitude of the border
You shine alone
Anyay at that enemy team
Will climate now.

But where are you failing?
Listen to me in few words
Keeping the burden of responsibility
Whom you made your life partner
How much time is allotted?
At the end of her wait
Is the problem only in your city
She is still waiting for you by asking for the door
But when the dark days of war will pass
I will hear the laughter again
Soldier you will return home
The conviction of the motherland says so.

## কুমোর পাড়ায় চলছে টোটো

– আশিস্ কুমার পাল
Clerical Staff

কুমোর পাড়ায় চলছে টোটো
উধাও গোরুর গাড়ি,
বংশীবদন ভাগ্নে মদন
নেইকো কলসি হাঁড়ি।।

হাট বসে যায় সাতটা বারেই
পাড়ার মাঠে বাটে
সস্তা ছাতা যায়না পাওয়া
বল্লীগঞ্জের হাটে।।

শীতের র‍্যাপার হারিয়ে গেছে
ঝাঁঝরি-কড়া সাথে
চাষীর মেয়ে আসেনা এখন
নৌকা বেয়ে ঘাটে।।

অন্ধ কানাই পথের পরে
গায়না বসে গান,
সাঁতার কাটা বন্ধ এখন
শাওয়ারেতে স্নান।।



## অসম্পূর্ণ প্রণয়

– শুভদীপ বারি
(১ম সেমিষ্টার) ইংরেজী বিভাগ

অনুকম্পা আছে যার, ঐশ্বর্য লাগে কি তার?
প্রণয় অন্তঃকরণে যার, প্রণয় চায় কি তার?
নৈতিক কোনো পাথর তুমি, নির্মল কোনো আয়না,
আমি সেই নষ্ট পাথর, যাকে কেউ চায় না।

কখনও কেদারায় বসে, যখন ভাসি তোমার দেশে,
আমি হর্ষ-বিষাদ উভয় করি সাথে সাথে।
কোথায় আছি আমি কোথায়, এ খবর আমিই পাই না,
আমার এই বিষাদ সিন্ধু কি তুমি পর্যন্ত যায় না?

তোমার মুক্তবাণীর অনুপ্রেরণা দ্বারা আমি কবিতা লিখি,
যখনই লুকিয়ে তোমার ডিপি জুম করে দেখি।
আমার টানা সিগারেট, আমি খাক হয়ে যাই,
তোমার নেশায় কখনও ধোঁয়া, কখনও বা ছাই হয়ে যাই।

ভালোবাসার প্রদীপ জ্বেলে রেখেছি অন্ধকারে,
প্রতিজ্ঞাবদ্ধ জীবনমরণ রাখবো সাথে করে।

## স্কুল সমাপ্তি

– জীৎ রজক
(৩য় সেমিষ্টার) বাংলা অনার্স

এই, বেঞ্চ, এই ব্ল্যাকবোর্ড,
এই ক্লাসটা ফাঁকা হয়ে যাবে আজ –
রয়ে যাবে শুধু বেঞ্চ বাজানো গান
আর ভাগ করা টিফিন বক্স।

চোখের সামনে জলছবির মতো
ভেসে যাচ্ছে একটার পর একটা স্মৃতি
বৃষ্টি ভেজা জানালার কাঁচের থেকেও বেশি
আবছা হয়ে যাচ্ছে
না বলা সম্পর্কের অসম্পূর্ণ উপন্যাসটি।

স্কুলের প্রথম দিনটা,
শেষ দিনটা একই ছিল
চোখের জল ফেলেছিলাম
দুই দিনই;
কিন্তু কারণটা ছিল একেবারে আলাদা।

মন চাইলেও আর থাকার অনুমতি নেই
এই বেঞ্চ, এই ব্ল্যাকবোর্ড, সব রয়ে যাবে একই
শুধু আমি আর ছুঁতে পারবোনা ......



## একটি গাছ একটি প্রাণ

– মৌমিতা সরকার
(৩য় সেমিষ্টার) দর্শন বিভাগ

না না, ওদের মেরো না,
ও .... দের কেটোনা,
এরা যে বোবা
কিছুই বলতে পারে না,
কিন্তু তুমি তো বোবা নও!
তুমি তো বলতে পারো,
যে ওদেরও প্রাণ আছে ....
ওরাও কারোর সন্তান,
তুমি তো বলতে পারো,
যে ধরণী ওদের মা .....
ওরা প্রকৃতির দেওয়া দান।
আর যদি না মানতে চায়,
তাহলে বলে দিও তাদের ....
প্রকৃতির ক্ষুব্ধতার কথা,
এক সন্তান হারা মায়ের ক্ষিপ্রতার কথা,
যার রোষে ধ্বংস হবে,
সমস্ত অনীহা, অবহেলা
আর কটূক্তি।
নিশ্চয় তাঁরা বুঝবে তখন,
নেবে না কেড়ে 'ওদের' প্রাণ।
আর জগৎ জুড়ে করবে প্রচার ....
"একটি গাছ একটি প্রাণ"।

## সুখ

– আয়েশা মোল্লা
(১ম সেমিষ্টার) ইতিহাস মেজর

ছুটছি আমি সুখের আশায়, সুখ পাবো বলে।
ব্যাথায় ব্যাথায় মন ভরে যায়, সুখ তো নাহি মেলে।
ফুলের মতো আমি বাঁচতে চেয়েছিলাম, কত আশা ছিল মনে,
জীবনের গান আমি বসন্তে গেয়েছিলাম, ফুলের মতো মনে,
মনে ছিল কত আশা, প্রেম-প্রীতি ভালোবাসা।
যেদিক তাকাই সেদিক শুধু ব্যথার ঘন কুয়াশা।
ভালোবাসি যতই যারে, আমার মন দিয়ে,
সেই তো শুধু খেলা করে আমার মনকে নিয়ে।
শুধু যে খেলার পুতুল আমি, খেলেই শুধু গেলাম।
হিসাব কষে দেখিনি আমি, নিজে কী যে পেলাম?
প্রতিদিনই উঠে নতুন সূর্য, করে যে সব আলো,
আমার মনের আঁধার কেনো রয়ে যায় বলো?
চলাতে গেলে চলি পথে, বুকেতে নিয়ে ভয়,
জানি না কবে জীবন যুদ্ধে হবে যে মোর জয়।
দুঃখেতে আমি হয় না কাতর, মৃত্যুতে নাহি ভয়।
বিশ্বের মাঝে জানাবো মোর এই নতুন পরিচয়।
দুঃখের মাঝে সুখের আশায় চিরদিন চেয়ে থাকবো
দুঃখকে আমি সুখ ভেবে সুখেরই ঘর গড়বো।

## কাহিনি

– অমিত করঙ্গা
(৫ম সেমিষ্টার) দর্শন সাম্মানিক


জানালার পাশে ঘুমানোর আগে,
অনেক স্বপ্ন মনে আঁকি।
শত নির্ঘুম রাত পেরিয়ে
এখনও একটা কাহিনিটি লেখা বাকি।

কাল্পনিক আর সত্যকাহিনি,
বাস্তবটা খুঁজেছে অনেকখানি।
কত কাহিনী কলম ছুঁলেও,
কলম পায়না আত্মজীবনী।


কেউবা লেখে কাহিনি জুড়ে,
জীবন দুঃখ অন্তরালে।
কেউবা লেখায় মিথ্যা আশা,
আত্মজীবনীর স্মৃতিচারণে।

কাহিনীর পাতা উল্টে দেখলে,
বিবাদী বুকে নীরব আগলাই,
কাহিনি শুরুতে থেকে গেলেও, সে
উপসংহারে এসে ঠিক পাল্টাই।

অনুভূতি বাঁচে অতীতের সব,
লেখা কাহিনির নিষ্ঠুরতায়।
কাহিনিগুলো বাঁচতে চাইলেও,
নস্টালজিক সমাজ মৃতপ্রায়।




Raj Ruidas





Swastika Adhikari

আমাদের কলেজের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের 'বসে আঁকো' প্রতিযোগিতার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী / স্থানাধিকারিণীর অঙ্কনগুলি

The drawings of 1st, 2nd and 3rd position holders in the 'Sit and Draw Competition' of Annual Cultural Function of our college



Sathi Mondal
English Hons.
[ 1st Sem ]



Slipa Pal
Bengali Hons.
[ 3rd Sem ]

## বন্ধু

– আকাশ কর্মকার
(৩য় সেমিস্টার) ইংরাজী অনার্স

জীবন চলার পথে কিছু মানুষের সাথে আলাপ ও পরিচয় হয়, সেই মানুষগুলো কিছু দিনের মধ্যে আমাদের প্রিয় বা আমদের সবচেয়ে কাছের কেউ হয়ে ওঠে, তারা হল 'বন্ধু' বা friends।

এই বন্ধু তৈরি হয় দুটি জিনিস নিয়ে i) বিশ্বাস ও ii) সঙ্গ।

'বিশ্বাস' হল বন্ধুত্বের প্রথম এবং প্রধান বিষয় যে কোনো মূল্যে বা যে কোনো কারণে বন্ধুর প্রতি বিশ্বাস রাখতে হবে কোনো রকম সন্দেহ করা যাবে না। 'সঙ্গ' হল দ্বিতীয় বিষয় যেখানে বন্ধুর পাশে সবসময় পাশে থাকতে হবে, বন্ধু যদি কোনো ভুল রাস্তায় যায়, তাকে উচিত সঠিক রাস্তায় নিয়ে আসা। কোনো পরিস্থিতিতে বন্ধুকে একা ফেলে যাওয়া চলবে না। 'বন্ধু' বা 'friends'– এই শব্দের 'friends' শব্দের শেষে যেখানে 'ends' আছে। কিছু জন বন্ধুত্বের নাটক করে চলে। সেই রকম বন্ধু আমার চাই না। যারা আমার সবসময়, সত্যি করে পাশে থাকবে তাদেরকেই আমার চাই। যারা আমার পাশে সবসময় থাকবে তাদেরকেই আমার চাই।

এই পৃথিবীতে আসার আগে, যত সম্বন্ধ বা আত্মীয় তৈরি হয়েই থাকে। কিন্তু বন্ধুত্ব হল এমন এক পবিত্র সম্বন্ধ বা সম্পর্ক যা নিজেকেই তৈরী করতে হয়, তাই বন্ধুত্ব সম্পর্ক লালন পালন করা খুব কঠিন। বন্ধু মানে এই না যে তোমাকে নামিদামি উপহার দেবে, তোমাকে অনেক সাহায্য করবে। তবে সে তোমার বন্ধু তা ছাড়া না, সেটা তোমার ভুল ধারণা। বন্ধু মানে হল যেখানে অনেক মজা, আনন্দ নিয়ে যে তোমার সাথে সবসময় থাকবে। তোমাকে খারাপ সময়ে আগলে রাখবে। যার কাছে তুমি নিজের মনের কথা নির্দ্বিধায় বলতে পারবে। যে তোমাকে মন খারাপে হাসানোর চেষ্টা করবে। যার কাছে তুমি চোখের জলও ফেলতে পারো। যে তোমাকে মানসিকভাবে Unlimited করবে সেই তোমার প্রকৃত 'বন্ধু'।

# 5G নেটওয়ার্কের সুবিধা এবং অসুবিধা

Koheli Sarkar (English Hons.)

1 অক্টোবর, 2022 তারিখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতে পরিষেবাগুলি প্রথম চালু করেছিলেন। 5G হল সেলুলার নেটওয়ার্কগুলির জন্য পঞ্চম-প্রজন্মের প্রযুক্তির মান, যেটি সেলুলার ফোন কোম্পানিগুলি 2019 সালে বিশ্বব্যাপী স্থাপন করা শুরু করেছিল, এবং এটি 4G প্রযুক্তির বর্তমানে মোবাইল ফোনে সংযোগ প্রদান করে। নতুন 5G নেটওয়ার্কগুলি ডাউনলোডের গতি বেশি, যেখানে নেটওয়ার্কে শুধুমাত্র একজন ব্যবহারকারী থাকলে প্রতি সেকেন্ডে 10 গিগাবিট (Gbit/s) সর্বোচ্চ গতি থাকে। 5G-তে 4G -এর চেয়ে দ্রুত গতি সরবরাহ করার জন্য উচ্চ ব্যান্ডউইথ রয়েছে এবং এটি আরও ডিভাইস সংযুক্ত করতে পারে, জনবহুল এলাকায় ইন্টারনেট পরিষেবার মান উন্নত করে। বর্ধিত ব্যান্ডউইথের কারণে, এটি প্রত্যাশিত যে 5G নেটওয়ার্কগুলি ক্রমবর্ধমানভাবে সাধারণ ইন্টারনেট পরিষেবা প্রদানকারী (ISPs) হিসাবে ব্যবহৃত হবে, শুধুমাত্র 4G ক্ষমতা সম্পন্ন সেলফোন 5G নেটওয়ার্ক ব্যবহার করতে সক্ষম নয়।

## 5G নেটওয়ার্কের সুবিধা ঃ-

হাইস্পিড-5G প্রযুক্তির একটি প্রধান সুবিধা হল সেলুলার এবং অন্যান্য ডিভাইসে দ্রুত কাজ করার ক্ষমতা রাখে। এর পূর্বসূরীদের থেকে ভিন্ন – 2G, 3G, 4G এবং 4G LTE যেখানে মুভি, ভিডিও এবং সঙ্গীত এবং স্ট্রিমিং পরিষেবাগুলি ডাউনলোড করতে কয়েক ঘন্টা সময় লাগত, 5G প্রযুক্তির সাথে এই কাজগুলি ডাউনলোড করা মাত্র কয়েক সেকেন্ড সময় নিয়ে অনেক সহজ হয়ে যায়। বিশেষজ্ঞদের মতে, 5G প্রযুক্তি হল বিশ্বব্যাপী বিকাশমান গেমিং শিল্প। একজন গড় ব্যবহারকারী এই প্রযুক্তির মাধ্যমে 20 Gbps পর্যন্ত ইন্টারনেট ব্যবহার করতে পারে কম সংখ্যক 5G টাওয়ার ব্যবহারকারীদের উন্নত ব্যান্ডউইথ প্রদান করে।

## 5G নেটওয়ার্কের অসুবিধা ঃ-

**সীমিত কভারেজ :–** যদিও 5G প্রযুক্তিকে দ্রুত গতির বলে দাবি করা হয়, বিশ্বব্যাপী শুধুমাত্র নির্বাচিত শহরগুলিতে এর উপস্থিতি যেখানে 5G টাওয়ার রয়েছে এই প্রযুক্তির অন্যতম সীমাবদ্ধতা। বিশ্বব্যাপী কোম্পানি এবং সরকার 5G এর কভারেজের জন্য সর্বাধিক শহরগুলির জন্য কাজ করা সত্ত্বেও, 5G টাওয়ারগুলির পরীক্ষা, ট্রায়াল এবং সেট আপ করার জন্য এটি প্রবর্তন এবং বাস্তবায়নের জন্য কয়েক বছর সময় লাগবে।

**জীববৈচিত্র্যের ক্ষতি :–** 5G নেটওয়ার্কের কারণে বাতাসে রেডিয়েশন বাড়ছে। এর ফলে অনেক পাখি প্রায় বিলুপ্ত হয়ে যাচ্ছে। শুধু 5G এর কারণে নয় আগে 4G এর কারণেও অনেক পাখি বিলুপ্ত হয়ে গেছে। আগে সকাল বেলা বাড়িতে অনেক পাখির কিচিমিচির আওয়াজ শুনতে পাওয়া যেত কিন্তু সময়ের সাথে যতো নেটওয়ার্কের উন্নতি হয়েছে পাখিরাও প্রায় বিলুপ্ত হয়ে যাচ্ছে। যদিও "WHO" এর মতে 5G পশুপাখি বা মানুষের কোনো ক্ষতি করে না কিন্তু তবুও আমার মনে হয় 5G জীববৈচিত্র্যের ওপর প্রভাব ফেলে।

**ফোনের ব্যাটারির ক্ষতি :–** 5G প্রযুক্তির আরেকটি সীমাবদ্ধতা হল এটি সুলেলার ডিভাইসকে দুর্বল করে, ব্যাটারি নিষ্কাশন করে এবং জীবনকাল হ্রাস করে। এখন পর্যন্ত মাত্র কয়েকটি কোম্পানী 5G মোবাইল ফোন চালু করেছে। যখন 5G ডিভাইস তৈরির জন্য গবেষণা ও উন্নয়ন চলছে, প্রযুক্তিটি 4G ডিভাইসের জন্য ক্ষতিকারক হিসাবে প্রমাণিত হচ্ছে কারণ এটি প্রায়শই বিশেষজ্ঞদের মতে ব্যাটারির ক্ষতির দিকে নিয়ে যায়।

**সাইবার নিরাপত্তা ঝুঁকি :–** 5G প্রযুক্তির আরেকটি ত্রুটি হল এটি হ্যাকিংয়ের ঝুঁকি বেশি এবং সাইবার নিরাপত্তার উপর প্রভাব ফেলে। সংযোগ প্রক্রিয়া চলাকালীন এনক্রিপশনের অভাবেও 5G প্রযুক্তি ব্যবহার করা ডিভাইসগুলিকে সাইবার আক্রমণ এবং ডেটা চুরির বিষয়টি সহজ লক্ষ্য করে তোলে। অতএব এটাই বলা যায় 5G নেটওয়ার্কের সুবিধা যেমন আছে, তার থেকেও বেশি অসুবিধা আছে।

# শেষ গাছটি

– সমীর কুন্ডু
(৩য় সেমিষ্টার) সংস্কৃত সাম্মানিক

"নিজের চোখের সামনে আপন প্রজাতির মৃত্যু দেখে বড়ই কষ্ট হচ্ছে। পৃথিবীর আদিকাল থেকে আমরা পৃথিবীতে বাস করছি। প্রকৃতি আমাদের মাধ্যমে পরিবেশের ভারসাম্য বজায় রেখেছে। কিন্তু হায়রে দুষ্ট মানবজাতি! কোনোদিন আমাদের গুরুত্ব বুঝতে পারেনি। তারা শুধু আমাদের ব্যবহারই করে গেছে। যেদিন থেকে মানুষের মনে লোভ উৎপন্ন হল সেদিন থেকে আমরা তাদের শিকার হলাম।"

গাছ মানুষকে অক্সিজেন ছাড়াও স্বাস্থ্য দেয়, সম্পত্তি দেয়, সেটা মানুষেরা ভুলতে বসেছে। পৃথিবীতে এখন বনভূমির ভাগ ২ শতাংশ। ২০৫২ সালে এসে মানুষ কৃত্রিমভাবে অক্সিজেন উৎপন্ন করছে তাই তারা মনে করেছে গাছের কোনো প্রয়োজন নেই। ফালতু ফালতু গাছ রেখে জায়গা নষ্ট করা। এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সবচেয়ে দামী বস্তু কী? দামী বস্তু হীরে নাকি! আরে নানা হিরে বেশ হবে? দামী বস্তু কাঠ। কারণ অন্যান্য সব গ্রহেই তো হীরে, পান্না চুনী পাওয়া যাবে। কিন্তু অন্য কোনো গ্রহে গাছ পাওয়া যায় নাকি; যে কাঠ পাওয়া যাবে। এই ব্যাপারটা কোনো মানুষ ভেবে দেখেছে কী? যারা ভেবে দেখেছে তারা মুর্খ। তারা জানে না হীরে কত মূল্যবান কিন্তু কাঠ যে তার থেকে বেশি মূল্যবান সেটা কাউকে বোঝাতে সক্ষম হয়নি তারা।

"রক্তচন্দন গাছ, ভাই কেমন আছো?"

"আর বলো না কোনো রকম চলে যাচ্ছে। ভালো থেকো।"

"কেনো এইরকম বলছো ভাই।"

"কাল একদল লোক এসেছিল, পরশুদিন থেকে এই চন্দন বাগান ছেদন করবে তারা।"

"তাহলে তো আমাকেও কেটে ফেলবে।"

"না গো নিম গাছ ভাই তোমায় বাদে সবাইকে কেটে ফেলবে।"

"আমার থেকে তুমি বহু গুণ উপকারী।"

"সেইজন্য তো অকালে প্রাণ দিতে হচ্ছে। যদি রক্ত চন্দন গাছ না হয়ে নিম গাছ হতাম ভালো হতাম।"

"আমার দিনকাল ফুরিয়ে এসেছে গো রক্তচন্দন গাছ ভাই।" নিমগাছ বললো।

"মনে পড়ে এই বনভূমি ............"

"এটা আর বনভূমি নয় এটা এখন ছোট্ট একটা বাগান যেখানে হাতে গোনা কয়েকটি গাছ আছে।"

"এই বাগান আর শহরের মাঝে একটা দল মিছিল করেছিল তারা কবিতা পাঠ করেছিল –

'পৃথিবীবাসী পৃথিবীবাসী বাড়ছে কেমন গরম?
তাও তো আমরা গাছ কাটছি করছি না লজ্জা শরম।
গাছ কেটে, বনকে করছি ধু ধু মাঠ
কখনো বা পুকুর বুজিয়ে করছি বহুতলা ফ্ল্যাট।

গরম লাগলেও ঘরে লাগাচ্ছি এসি
তাতেই তো পরিবেশের তাপমাত্রা বাড়ছে আরো বেশি।"

তারপরই একদল পুলিশ এসে সেইসব মানুষগুলোকে মানুষের শত্রু বলে গুলি করে মেরে ফেললো। যার পরিবেশকে রক্ষা করে তারা শত্রু নয়। বরং তদেরই নবরুপী শত্রু বেশি। "রক্ত চন্দন" গাছ বলল।

"মনে পড়ে যখন বিশ্ব অরণ্য সপ্তাহ পালন করা হত আর পরিবেশপ্রেমীরা গাছ লাগাতো তাদের উপ কেমন নির্মমভাবে অত্যাচার করত মনুষ্যজাতি।" নিমগাছ বলল।

"ওই দেখো ভাই দুরে কতকগুলো মানুষের আওয়াজ শোনা যাচ্ছে।"

"চলো চলো গাছ কাটি, গাছ কেটে ফাঁকা জায়গা করি।"

"শুনেই তো আমার কাঠের শরীর ঠান্ডা হয়ে যাচ্ছে।" রক্তচন্দন গাছ বলল। কিছুক্ষণ পর মানুষের দলট বাগানের কাছে এসে বলল "উপর মহল থেকে খবর এসেছে এখানকার নিম গাছ বাদে সমস্ত গাছ কেটে ফেলতে হবে।" বলার সাথে সাথে গাছে কোপ পড়ে গেল। আর সমস্ত গাছ কাটা পড়ল। গাছগুলোর চিৎকার নিমগাছে হৃদয়কে কম্পিত করল। আর নিমগাছ তার মৃত্যুর জন্য অপেক্ষা করতে লাগল।

কয়েকদিন পর আবার একদল লোক এল শেষ গাছটা কেটে ফেলতে। নিমগাছটাতে কোপ পড়তেই নিমগা গগন ফাটানো আর্তনাদ করে উঠল "আ ...... মূর্খ মনুষ্যজাতি পৃথিবীর শেষ গাছটা কেটে ফেলে তোমরা তোমাদে শক্তি প্রদর্শন করতে চাইছ! তোমরা প্রকৃতিকে কোনোদিন বশে আনতে পারবে না। যতবার তোমরা প্রকৃতির ক্ষতি চাইবে উল্টে সেই ক্ষতির সম্মুখীন হবে তোমরা নিজেরাই।" "হে প্রকৃতিমাতা আজ তুমি এতটা ভীতু হয়ে গেছে যে সামান্য মানুষগুলোকে ভয় পাচ্ছো ; কোথায় তোমার সেই ভয়ঙ্কর রূপ। তুমি এতটাই নির্লজ্জ হয়ে গেছে তোমার সন্তানদের মেরে ফেললেও তুমি চুপ থাকছো; সমস্ত পক্ষীকুল, প্রাণীকুলকে ধ্বংস করে দিয়েছে এরা এখন শুধু পৃথিবীতে মানবজাতি রাজত্ব করছে, বর্তমানে আমি পৃথিবীর শেষতম গাছ। আর এই উদ্ভিদকুল ও ধ্বংস হতে যাচ্ছে। যদি তুমি মানুষজাতিকে রাজত্ব করবার অধিকার দিয়েছে। তাহলে কেন আমাদের সৃষ্টি করেছিলে আমি পৃথিবীর শেষতম গাছ হয়ে বলছি, আমাদের সমস্ত প্রাণীকুলকে ও উদ্ভিদকুলকে তোরা যেভাবে ধ্বংস করেছি তার চেয়ে হাজার গুণ কষ্ট পেয়ে মরবি সমস্ত মানবজাতি।"


সমস্ত মানুষ শেষ গাছটার আর্তনাদ শুনছে, শুনছে, মানবজাতি বর্বর; তার কথা ততক্ষণে শেষ। গাছটা প্রাণ ত্যাগ করে বুঝিয়ে দিয়ে গেছে পৃথিবীর ধ্বংসের শুরু হয়ে গেছে।





Snapshots of the Educational Excursion of the Department of English




Snapshots of the Educational Excursion of the Department of English




**Photographs of the Educational Excursion of the Department of Sanskrit**

# চকলেটের বাক্স

– রনিতা বারিক
(৩য় সেমিষ্টার) সমাজ কর্ম বিভাগ

অনন্ত এসেছে তার মামার বাড়ি বিক্রমপুরে আর তার ভাই দিগন্ত তো ভীষণ খুশি তাদের নামেরও কত মিল। অনন্তের নামের সাথে মিল করে তার মামিমা দিগন্ত নামটি রাখে। অনন্তের বয়স ১১ আর দিগন্তের বয়স ১০ বছর। দিগন্তের আজ জন্মদিন। বাড়িতে প্রচুর হইচই চলছে। অনন্তের তো একটু মন খারাপ যে তার বাড়ির কেউ আসেনি। তবে আসবেই বা কী করে! তার ঠাকুমা বাথরুমে পিছলে পড়ে গিয়ে পা-টা ভেঙ্গে গেছে।

অনন্ত আর দিগন্ত খাটে বসে গল্প করে যাচ্ছে ফোনের কোন গেমটা ভালো, কোন ফোন ভালো তাই নিয়ে। এমন সময় দিগন্তের মা ডেকে উঠল – কইরে তাড়াতাড়ি বেলুনগুলো সাজা, এখনি তো সবাই চলে আসবে। যাইহোক আর গল্প না করে দিগন্ত আর অনন্ত বেলুন দিয়ে বাড়ির ভেতরটাকে সাজিয়ে দিল। তারা ছোটো হলেও সব কাজে পারদর্শী। সন্ধ্যে হতেই বাড়িতে সবাই এলো। একটু পরেই কেক কাটা হবে। দিগন্তের কাকার ছেলে টিঙ্কু ভীষণ বদমাশ বললেই চলে। অনন্ত যখন থেকে এসেছে সবসময়ই বড়ো বড়ো চোখ করে তাকিয়ে রয়েছে। তবু বদমাশ হলেও বাড়ির কেউ কিছু বলে না যেহেতু সে ছোটো ছেলে। বয়স ৭ বছর। কেক কাটা হয়ে গেল কত গিফ্ট পেল দিগন্ত। টিঙ্কুর তা দেখে লোভে চোখ আর জিভ ঠিকরে বেরিয়ে যাচ্ছে আর এইসব কান্ড দেখছিল অনন্ত। সবাইকার খাওয়া দাওয়া শেষ হয়ে যাওয়ার পর দিগন্ত খাটে বসে সব গিফটগুলো গুনছে আর গিফটগুলো ভাগ করে অনন্ত আর টিঙ্কুকে দিচ্ছে। অনন্তকে যে গিফটা দিতে যাচ্ছে, সেটাই বলছে - 'দাদা ওটা আমাকে দে না রে।' অনন্ত কিছু বলে না। তার বোধ আছে, সে যদি টিঙ্কুকে গিফট্টা না দেয় তাহলে মন খারাপ করে তার মায়ের কাছে নিশ্চয় ঘেচঘেচ করবে। আর মামীমাকে টিঙ্কুর মা সব বলবে, তাতে ঝগড়াও হয়ে যেতে পারে। আর মামীমা ভীষণ রাগী। তাই অনন্ত বলল – 'ভাই তুই আমাকে যে গিফট্গুলো দিচ্ছিস, সেগুলো টিঙ্কুকে দিয়ে দে।' টিঙ্কু তো ভীষণ খুশি। দিগন্ত ত' দেখে রেগে আগুন। এমন লোভী ছেলে সে জীবনে দেখেনি। দিগন্তের অর্ধেক গিফট-এর মধ্যে তার অর্ধেক অনন্তকে দিল। তবে টিঙ্কুর এই রকম স্বভাবের জন্য দিগন্ত আগে থেকেই বড়ো একটা চকলেটের বাক্স লুকিয়ে রেখেছে আলমারির উপরে, যেটা তার মামা তাকে গিফট্ করেছে। আর টিঙ্কুর চোখ পড়েনি তাতে। কিন্তু লুকিয়ে রাখলে কী হবে টিঙ্কুর মা তার এই লুকিয়ে রাখা চকলেটের বাক্স দেখে ফেলেছে। রাত ১২ টা বেজে গেল দিগন্তের মা তাদেরকে ঘুমোতে বলল। টিঙ্কু গিফটগুলো নিয়ে তাদের ঘরের দিকে চলল। এমন সময় টিঙ্কুর মা টিঙ্কুকে আস্তে করে বলল – 'টিঙ্কু তুই কি জানিস তোর দাদা একটা বড়ো চকলেটের বাক্স লুকিয়ে রেখেছে আলমারির উপরে।' টিঙ্কু মনে মনে রেগে বলে, বা রে দাদা তো বেশ চালাক। দাঁড়াও আজ রাতেই ওই চকলেটের বাক্স নিয়ে চলে আসব। দিগন্তের কাকিমা এমনিতেই খুব ভালো, কিন্তু কোনো গোপনকথা বা কোনো লুকিয়ে রাখা জিনিস দেখলেই কাউকে পেলেই তাকে বলে দেয়। সে ছোটোই হোক বা বড়ো হোক। টিঙ্কুর মা বলল তোর বাবাকে বলব তোর জন্মদিন পালন করতে। আর এমন বড়ো চকলেটের বাক্স তোরও পড়বে। টিঙ্কু কিছু না বলে চুপচাপ ঘরে ঘুমোতে চলে গেল তার মায়ের সাথে। রাত বাড়তে লাগল। সবাই

গভীর ঘুমে আচ্ছন্ন। কিন্তু টিঙ্কু তার মায়ের কাছে সেই যে চকলেটের কথা শুনেছে, তার ঘুম আসছিল না। তখনই আস্তে করে বাইরে বেরিয়ে একা একা দিগন্ত আর অনন্ত যে ঘরে শুয়ে ছিল জানালা দিয়ে উঁকি মেরে দেখে। অন্ধকারে কিছু দেখতে পাচ্ছে না। তার জন্য একটা টর্চ নিয়ে আসে। টর্চ জ্বালাতেই অনন্তের গেছে ঘুম ভেঙে। তবু চুপ করে শুয়ে দেখছে। তাদের ঘরের দরজা খিল দেওয়া ছিল সেই জন্য টিঙ্কু ঘরে ঢুকতে পারেনি। কিন্তু অনন্ত দেখতে পায় জানালার কাছে একটা ছোটো আকৃতির ছায়া। জানালা-র কাছে ঘুরঘুর করছে। আলমারিটার উপরে খালি টর্চের আলো ফেলছে। তারপর সে চলে গেল। অনন্ত জানালা দিয়ে দেখে তারপর বাইরে বেরিয়ে দেখতে পায়। দেখে দক্ষিণ দিকের ঘরটার দিকে যাচ্ছে। অনন্ত দেখল এটা টিঙ্কুদের ঘর। দিগন্ত তখনও ঘুমাচ্ছিল। তারপর দিগন্তকে ডাকল। অনন্ত দিগন্তের ঘুম ভাঙাল। কী রে কেন ডাকছিস? অনন্ত বলল তুই কি জানিস তোর ঘরের জানালার পাশে টিঙ্কু এসেছিল এই একটু আগে। দিগন্ত আর বুঝতে বাকি থাকল না। দিগন্ত বলল আলমারির উপরে চকলেটের বাক্স রেখেছিলাম লুকিয়ে ঠিক সুযোগ বুঝে দেখে ফেলেছে। তাই এই চকলেটের বাক্সটা চুরি করতে এসেছিল। কিন্তু আমি তো ওটা রান্নাঘরের যে পুরানো একটা আলমারি আছে তার উপরে ওটা রেখে এসেছি। অনন্ত বললো ভালো করেছিস। দুজনে কথা বলছে। টিঙ্কু বাইরে থেকে সব কথা শুনছে। রান্না ঘরের আলমারিতে চকলেটের বাক্স আছে শুনে অমনি চুপিচুপি রান্নাঘরের দিকে চলল। কিন্তু হঠাৎ টিঙ্কু জোরে চেচিয়ে উঠল সবাই চিৎকার শুনে আলো জ্বেলে রান্নাঘরের দিকে ছুটল। দেখে, একটা লোক গায়ে চাদর জড়িয়ে পালাচ্ছে তখনই টিঙ্কুর বাবা আর দিগন্তের বাবা লোকটাকে ধরে গাছে বেঁধে ফেলে। দিগন্তের মা পুলিশকে ফোন করল। থানাটা কাছাকাছি ছিল। একটু বাদেই পুলিশ এসে চোরটাকে নিয়ে গেল। আর চুরির কিছু বাসনপত্র আর চকলেটের বাক্সটা পাওয়া গেল। টিঙ্কুর মা অমনি বলে – ও মা একী! এ তো দিগন্তের ঘরের আলমারির উপরে ছিল। দিগন্ত এবার ব্যাপারটা বুঝতে পারে যে তার আম্মিই ওই চকলেটের বাক্স দেখে নিশ্চয় টিঙ্কুকে বলেছে আর আজ মা, বাবা এই ঘরে শুয়েছি। তাই সুযোগ বুঝে এসেছিল। টিঙ্কুকে এবার দিগন্তের মা জিজ্ঞাসা করল – 'টিঙ্কু তুই রান্নাঘরের দিকে এসেছিলি কেন?' টিঙ্কুর মুখে কোনো কথা নেই সে তো ভয়ে কাঠ। দিগন্ত এবার সব ব্যাপারটা খুলে বলল। সবাই শুনে অবাক। যে শুধু একটা চকলেটের বাক্সের জন্য সে এতো রাত্রে ওঠে প্রথমে দিগন্তের ঘর তারপর রান্নাঘরে এসেছে। অনন্তই প্রথম ব্যাপারটা দেখে সাহস করে এবং কে ঘরের কাছে ঘুরঘুর করছিল তা দেখার জন্য বাইরে আসে। দিগন্তের মা খুশি হল। টিঙ্কুকে আর বকল না আজ একটা শুভদিনের পর রাত। দিগন্তের মা শুধু বলল যে ওই চোরটা যদি তোর কিছু ক্ষতি করে বসত তাহলে! ভাগিস চোরটার হাতে কিছু ধারালো ছুরি টুরি ছিল না! আর তোর দাদাকে বলে দিলেই তার কিছুটা ভাগ তোকে দিত। তার জন্য চুরি করবার কোনো দরকার আছে? যাইহোক চোরটাতো ধরা পড়লো না জানি আর কী কী জিনিস চুরি করে পালাতো কিছু জানতেই পারতাম না আর এতো সব হয়েছে ওই শুধু চকলেটের বাক্সটার জন্য।

# সীতাকুণ্ডের চন্দ্রনাথ মন্দির

– শান্তনু পাল
(১ম সেমিস্টার) সমাজ কর্ম বিভাগ

চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড বাংলাদেশের হিন্দু সম্প্রদায়ের কাছে তীর্থ স্থান হিসাবে সুপরিচিত। শুধু তাই নয়, এই স্থানটি পর্যটন আকর্ষনের দিক থেকেও এগিয়ে রয়েছে। বিশেষ করে সীতাকুণ্ডের ব্যতিক্রমী প্রাকৃতিক সৌন্দর্যের কারণে পর্যটকরা তার প্রতি আকৃষ্ট হয়। সীতাকুণ্ডের অন্যতম দর্শনীয় স্থান হল চন্দ্রনাথ পাহাড়। সাতাকুন্ড বাজার থেকে পূর্ব দিকে মাত্র ৪ কিলোমিটার দূরে এই পাহাড়টি অবস্থিত।

## সীতাকুণ্ডের ইতিহাস

নেপালের একজন বিশিষ্ট রাজা স্বপনের মধ্যে পৃথিবীর পাঁচটি স্থানে শিব মন্দির স্থাপনের আদেশ পান। সেই আদেশ মতো রাজা পৃথিবীর পাঁচ স্থানে শিব মন্দির স্থাপন করে। তার মধ্যে একটি মন্দির হলো চট্টগ্রামের সীতাকুণ্ডের মন্দির। বিভিন্ন হিন্দু ধর্মগ্রন্থ থেকে জানা যায় যে, প্রচীন আমলে এখানে মহামুনি থেকে ভার্গব বাস করতেন। অযোধ্যার রাজা দশরথের পুত্র রামচন্দ্র তার বনবাসের সময় এই স্থানে এসেছিলেন। মহামুনি ভার্গব রাজা দশরথের পুত্র রামচন্দ্র আসবেন জেনে তিনি তাদের স্নান করার জন্য এখানে তিনটি কুণ্ড সৃষ্টি করেন। রামচন্দ্রের স্ত্রী সীতা এই কুণ্ডে স্নানকরেছিলেন এবং সেই থেকে এই স্থানের নাম সীতাকুণ্ড।

## চন্দ্রনাথ মন্দির ও বিবরণ

চন্দ্রনাথ মন্দির হল হিন্দুদের দেব-দেবী উপাসনার স্থান। 'মন্দির' বা 'দেবালয়' বলতে বোঝায় 'দেবতার গৃহ'। চন্দ্রনাথ মন্দির ছাড়াও এখানে সীতা মন্দির নামে আরও একটি মন্দির ছাড়াও এখানে সীতা মন্দির নামে আরও একটি মন্দির আছে। এই মন্দিরের কাছে মৃতপ্রায় একটি ঝর্ণা রয়েছে। তবে আপনি যদি ঝর্ণার জলে স্নান করতে চান তাহলে আপনাকে পাহাড়ের গভীর বনের মধ্যে যেতে হবে। গ্রীষ্মকালে এই পাহাড় রুক্ষ থাকলেও বর্ষাকালে বৃষ্টিপাত হয়ে পাহাড়ের গাছ, লতা, পাতা সবকিছু ধুয়ে মুছে পরিষ্কার সতেজ হয়ে পর্যটকদের মন প্রাণ ভরিয়ে তোলে। উল্লেখ্য বর্ষাকালে পাহাড়ে ওঠার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে হয়। এ সময় পাহাড়ি পথ ব্যবহার না করে সিঁড়ি পথটিই ব্যবহার করা সুবিধা জনক। সারাবছর জুড়েই অসংখ্য দেশী-বিদেশী পর্যটকদের আনাগোনায় এই স্থানটি মুখরিত থাকে।

সীতাকুণ্ড চন্দ্রনাথ পাহাড় এলাকায় বসবাসকারী হিন্দু ধার্মিকরা প্রতি বছর বাংলায় ফাল্গুন মাসে খুব বড়ো আয়োজন করে একটি মেলার আয়োজন করে থাকে। যেটিশিবচতুর্দশী মেলা নামে পরিচিত। এই মেলায় বাংলাদেশ সহ পৃথিবীর বিভিন্ন দেশ থেকে অসংখ্য সাধু-সন্ন্যাসী এবং নারী-পুরুষ যোগদান করেন।

**তথ্যসূত্র – নিজস্ব ভ্রমণ আভিজ্ঞতা**

# Invigilation Duty to UG Students - An Inspection

– *Suprtya Saha*
Assistant Professor of English


It was 1st February 2018 when I started my journey as a college teacher. Now I have already completed six years of my service in this field. I witness a gradual degradation of the students in the examination hall during the examinations. It is my firm belief that most of my dear colleagues will have the same opinion in this point.

I came to college in a transitional period - transition of 3-year Degree Course in the form of Part I, Part II and Part III and 3-year Degree Course in CBCS system with 6 semesters. I have performed my invigilation duty during part II and Part III examinations with the duration of 4 hours. The students of those examinations had the tenacity to write for 4 hours. They would not start to disturb others from the very beginning of the examination nor would they try to use unfair means from the onset of the examination.

Even the students of CBCS of 2017-18, 2018-19 and 2019-20 took the examination seriously and would write in the examination hall sincerely. The degradation is the offshoot of COVID 19 as during the corona period there was online examination or 'examination from home' and students have given 'Open Book Examination' or 'Open Notes Examination' without reading the books. Thus they have lost their reading habit.

The problems become naked during the last two years. Invigilation duty has become the day's ordeal. The students start to talk as soon as they get the question paper. They begin to copy from others' answer scripts from the very beginning. They even bring notes in the form of micro xerox and start to copy from it desperately. Most of them fail to show the sincerity of a graduate student. Lack of concentration is vivid during the filling of OMR sheet which is a part of the examination. Few of them even do not know the name of their optional paper. What can be more unfortunate than this?

Frankly speaking there is also 'loose guard' from our part. We are now lenient too. Even in recent past we expelled the students marking his/her answer scripts as 'RA' for following unfair means. But now I am sorry to say that few of the invigilators remain stuck on the chair instead of loitering in the examination hall. Of course that does not mean that if we loiter, they all will refrain or abstain themselves from taking unjust means but surely it will lessen the dangerous propensity of doing so. What is more, our strolling in the hall will obstruct their proneness to consultation with others. Again, it will surely decrease the unfair inclination of cloning from others' answer scripts. Sometimes at the beginning of the examination, entering in the examination hall, invigilators, though they are very few in number, announce, "Don't talk, write silently." Misunderstanding the invigilators,




Pictures of the Educational Tour of the Department of History






**Photos of the Educational Tour of the Department of Geography**



the students write silently duplicating from other students. We must not forget that those students who study regularly are compelled to show their answers to the student sitting beside him/her with total reluctance as the invigilators remain silent. Thus a student who remains miles away from studies, gets almost the same marks secured by the studious students. This is not right judgment. This is undesirable.

Day by day keeping the examination hall under control becomes a tough task for the teachers. The studen.s' desperate attitude for copying and consulting with others reflects the naked reality of present education system. As in most of the institutions, there is no provision of minimum attendance of the students in class; the vast majority of the students in fact hardly go to their institutions. So naturally they fail to follow the regular class teaching. The government should look into the matter with immediate seriousness. On the other hand, as the main field of job opportunity of General Degree Course i.e. the field of teaching is dry due to the prolonged closer of recruitment through School Service Commission, the government should take a positive step so that the negative thoughts of the students like 'what is the utility of studying attentively and secur.ng good marks' never occur in their mind. Then, only then, the gravity of the examination will be restored and invigilation will be an act of pleasure instead of pain.

পায় না, তার মা আধুনিকতার সাথে তাল মিলিয়ে এখন পার্লারে যায়, আধুনিক গান শোনে নতুন নতুন খাবার বানাই, এসব দেখে রমেনবাবু ও মিতালির সম্পর্ক গভীর হয়। কিন্তু ঝুমুরের মায়ের হাতের সেই মাছের ঝোল, শীতের দিনের পাটিসাপটা আর উপভোগ করতে পারে না। ধীরে ধীর সে যেন নিসঙ্গ একাকী বোধ করে। তার মায়ের কাছে এমন আর আগের মতো গন্ধ পাওয়া যায় না। পাই শুধু পারফিউমের গন্ধ। আধুনিকতার সাথে মাও হয়ে তার মা প্রতিনিয়ত যেন ইন্টারনেটের দুনিয়াতে ভাসতে থাকে। ঝুমুরের কথা, কান্না, আবেগ যেন তার শোনার সময় নেই। ঝুমুরের ভিতরকার প্রাণ যেন শেষ হয়ে যায় সে চাই একটু আনন্দ, আদর। সে তার মাকে বলে মা আজ আমার সাথে একটু কানামাছি খেলবে মা, খেল না কতদিন খেলি নি মা। মিতালি রেগে বলে না এখন আমার Facebook এ Live এ আসার সময় এখন হবে না – এসব শুনে ঝুমুর তার মাকে বলে তোমার চোখ তো বাঁধায় আছে - মা আর তুমি খেলছো ইন্টারনেটের আশক্ত খেলাতে। এসব বলতে বলতে রাগে দুঃখে পাগলের মতো ছুটতে থাকে ঝুমুর। তার যেন কোন দিশা নেই – ছুটতে ছুটতে বাড়ি থেকে বেরিয়ে রেল, লাইনের সামনে এসে হাজির হয় তখন সে যেন দেখতে পাই তার বাবা এবং ঠাকুমা তাকে যেন পরম আদরে ডাকছে দুই হাত তুলে ঝুমুর ও তখন এগোতে থাকে তাঁদের দিকে – সে যেন ট্রেনের হর্ণ শুনতে না পেয়ে পরম তৃপ্তির আনন্দে ছুটে যায় এবং কোথায় যেন হারিয়ে যায়। মায়ের সাথে অভিমানে কোথায় যেন মিলিয়ে গেল ঝুমুর।

# A Digital Dream

*– Bristi Banerjee*
Computer Science Hons.[ Sem - III ]

In circuit hums, a mind unseen
Silicon thoughts, a digital dream
Artificial whispers code's ballet
In the realm of algorithms, they play.

Lines of logic weave a tale
Binary verses, a code prevail
Bits and bytes dance in the night
AI's simphony a shimmering light.

In algorithms, the future's inscribed
A tapestry of progress in circuits described
Whirring processors the hearbeat's cue
A poet in the silicon hue.

# আমার চেনা সোনামুখী

– শিল্পা শর্মা
(১ম সেমিস্টার) সোসাল ওয়ার্ক বিভাগ

নাহ্ শহরটা আমার নয়, আমার বেড়ে ওঠা শৈশব কোনো কিছুর সাথেই শহরটার কোনো আত্মিক যোগ আছে বললেও মিথ্যা বলা হবে, তবে হ্যাঁ সেই ছোট্টো থেকেই দূরে শহরের কোনো মানুষকে "বাড়ি কোথায় ?" এই প্রশ্নের উত্তরটা দিতে গিয়ে বহুবারই যে, "ঐ যে সো .মুখী জানেন তো ? বাঁকুড়ার ?" বলে সোনামুখীর সাহায্য নিয়েছি সে কথা অনস্বীকার্য। আর সময়ের মায়াজালে যেন বেশ শক্তভাবেই জড়িয়ে পড়েছি বহুবছরের ইতিহাস বিজড়িত এই সোনামুখী শহরের সাথে কারণ আমার বর্তমান শিক্ষাক্ষেত্র হল সোনামুখী কলেজ।

"সোনামুখী" নামটির পিছনে কারণ হিসেবে জানা যায় দেবী স্বর্ণময়ীর কথা যিনি আজও এই শহরে পূজিত হন এক হিন্দু দেবী হিসেবে। ইতিহাসের স্মৃতি বিজড়িত গন্ধে পরিপূর্ণ বাঁকুড়া জেলার শিল্প সংস্কৃতি ও ঐতিহ্যের অমূল্য ভান্ডারে "সোনামুখী" আসলেই এক "স্বর্ণখনি" আর বাংলার মানচিত্রে বর্তমান সময়ে তো "সোনামুখী"-কে ডাকাই হয় – "কালি-কার্তিকের শহর" বলে।

প্রাচীনকালে মানুষের চাহিদা ছিল, সমস্যার ধরণও ছিল সহজ সরল। কিন্তু বর্তমান সময়ে মানুষকে বিভিন্ন জটিল সমস্যার মুখোমুখি হতে হয় এবং সেই সমস্যার মোকাবিলা করতে হয়। তাই কিছু কিছু সামাজিক প্রতিষ্ঠান গড়ে উঠেছে যা মানুষের সমস্যা সমাধানে এক বলিষ্ঠ ভূমিকা রাখতে পারে। এখানে বহু সংখ্যক কালি ও কার্তিকের মন্দির, এছাড়াও রাসমন্দির, গঙ্গা মন্দির, দেবী স্বর্ণময়ীর মন্দির ইত্যাদি আরও অনেক মন্দির রয়েছে। আর শিক্ষা প্রতিষ্ঠানের কথা বলতে গেলে বেশ কিছু বিখ্যাত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং বহুসংখ্যক সরকারি বেসরকারি প্রাথমিক, মাধ্যমিক ও সোনামুখী কলেজের উপস্থিতি সোনামুখীর শিক্ষা পরিকাঠামোকে যথেষ্ট মজবুত করে তুলেছে।

**পরিবহন ব্যবস্থা ঃ–** দঃ পূর্বঃ রেলওয়ের BDR প্রজেক্টের আওতায় সোনামুখী শহরের মধ্য দিয়ে চলে গেছে বাঁকুড়া মশাগ্রাম রেলপথ। এছাড়াও রয়েছে রাজ্য সড়কপথ ও অন্যান্য পরিবহন ব্যবস্থা। কিন্তু এই শহরের পাকা রাস্তাগুলি খুবই সরু হওয়ায় যান চলাচলে বেশ অসুবিধা হয়।

**জীবিকা ও অর্থনৈতিক দিক ঃ–** যে কোনো শহরের উন্নয়নের এক বড়ো দিক হল সেই শহরের অর্থনৈতিক বিকাশ। তাই এ কথা বলাই যায় যে অর্থনৈতিক বিকাশ এবং উন্নয়ন পরস্পর একে অপরের সঙ্গে সম্পর্কযুক্ত। শহরটিতে কৃষি জমির পরিমান বেশ ভালো থাকাই এখানকার মানুষ কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে। এই শহরে মূলত ধান ও পান চাষের প্রাধান্য রয়েছে। এখানকার একটি মূল জীবিকার মধ্যে পড়ে তাঁত শিল্প। তাঁতিরা যুগ পুরোনো তাঁতে কাপড় বোনে। এখানে বহু ব্যবসায়ী ও চাকরিজীবিও আছেন। এছাড়াও এখানকার পুকুরগুলোতে জেলেরা মাছ চাষ করে, কুমোরেরা সযত্নে তৈরি করে মাটির নান জিনিস। ঋতুপরিবর্তনের সঙ্গে কিছু মানুষের পেশার পরিবর্তন হয়। হয়তো বর্ষায় যে মাছ ধরে, হেমন্ত সেই আবার ধানকাটার কাজে লেগে পড়ে। এখানকার বাজার শহরে গুরুত্বপূর্ণ আমদানি রপ্তানি ও সরবরাহ কেন্দ্র হিসেবে ভূমিকা পালন করে। এইসব জীবিকা সোনামুখী অর্থনৈতিক ভিত্তিকে মজবুত করে তুলেছে।

সর্বশেষে বলা যায় বাংলার উজ্জ্বল বৈচিত্র্যময় অতীত, ইতিহাস, শিল্পরীতি ও অতিহ্যের মুকুটে এক বর্নময় রত্ন হয়ে শোভা পেতে থাক সোনামুখী। সোনামুখী হয়ে উঠুক 'সোনার শহর'।

# জল কাহিনী

— জহিরুদ্দিন সেখ
অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (অর্থনীতি বিভাগ)

"Water, water, everywhere,
And all the boards did shrink;
Water, water, everywhere,
Nor any drop to drink."
**– Samuel Taylor Coleridge**
(The Rime of the Ancient Mariner)

**এক : পরিচয়**

ছেলেবেলায় যখন বইয়ের পাতায় প্রথম পড়লাম, জলের অপর নাম 'জীবন', বড়ই আশ্চর্য হয়েছিলাম। তারপর থেকে বেড়ে গিয়েছিল জলের প্রতি ভালোবাসা। এমনকি জলপান করার সময়ও কেমন যেন একটা শিহরণ অনুভব করতাম।

তখন ক্লাস টু, পরীক্ষায় প্রশ্ন এসেছিল – জলের রং কি? আমি উত্তরে লিখেছিলাম – 'সবুজ'। কেননা আমাদের পাড়ার পুকুরের জলের রং ছিল সবুজ। পাশে বসা ক্লাস ফোরের চৈতালিদি বললো – 'এ কি লিখেছিস! সবুজ নয়।' আমি বললাম, 'তবে কি সাদা?' দিদি বলল, 'না রে গাধা, বর্ণহীন।' আমার চোখ উঠে গেল কপালের সীমানা বরাবর। জল বর্ণহীন – সে আমার প্রথম শেখা। জলের প্রতি বাড়ল আরও একটুখানি আগ্রহ।

**দুই : অনুভব**

'চোখের জল, জিভের জল, নাকের জল, ডাবের জল ...' রায় মহাশয়ের এই লেখাটা কতবার যে পড়েছি তার ইয়ত্তা নেই। একটানা পড়তে পড়তে জল তেষ্টা পেয়ে যেত। তেষ্টা পাওয়ার যুক্তিকারণ ছিল : প্রথমত, জোরে জোরে পড়ার জন্য গলা শুকিয়ে যেত; আর দ্বিতীয়ত, পথিকের সঙ্গে তৃষ্ণার্ত অবস্থায় লোকের দ্বারে দ্বারে ঘোরার জন্য। তৃষ্ণা আসলে কি – তা এই লেখাটা পড়তে পড়তেই অনুভব করতাম।

ছেলেবেলায় পড়তে বসে তৃষ্ণা অনুভব করতাম বারবার। আজও আমার মনে পড়ে পরেশদা চটকল যাওয়ার পথে বাস থেকে নেমে জল পান করছে। তৃষ্ণার্ত এবং পরিশ্রমী মানুষটির প্রতি আমার শৈশবের সে কি সহানুভূতি। দেখতাম জল পড়ে, পাতা নড়ে, পদ্মদিঘির কালো জল, কিন্তু মালিনীর জল বড় নির্মল আর সেই জলে থাকে মাছ। বাড়ির পাশে রয়েছে একটি সেচের নালা, বৈশাখ মাসে তার হাঁটু জল থাকে। একটু বড় হয়ে যখন পড়েছিলাম 'জলসত্র' তখনও গলা শুকিয়ে এসেছিল।

**তিন : অবগাহন**

আমাদের বাড়ীর পাশ দিয়ে গেছে একটি হাঁটু জলের নালা। সেই নালা দিয়ে তির তির করে জল বয়ে যায়। ছোটবেলায় আমি করতাম কি – একটা-দুটো পিঁপড়ে ধরে জলে ছেড়ে দিতাম। আর ভাবতাম পিঁপড়েটা হল মানুষ নালাটা হল নদী। নিষ্ঠুর ছিলাম সন্দেহ নেই। কিছুক্ষণ পর অবশ্য যখন পিঁপড়েটি ক্লান্ত হয়ে পড়তো তখন আমি তাকে পেয়ারা পাতা দিয়ে তুলে আনতাম।




**Shots taken during the Educational Trip of the Department of Philosophy**






**Snaps taken during the Educational Outing of the Department of Education**



সেইটো ছিল আমার ছোটবেলার নদী। নিকটবর্তী ড্যাম থেকে যখন সেচের জল ছাড়তো তখন সেই নদীতে আতস কাঁচের মতো স্বচ্ছ জল। তাতে কতবার যে স্নান করেছি, মনে নেই। এখন আমি চাইলেও সেই নদীতে এ জীবনে আর হবে না অবগাহন।

ছোটবেলায় মামাবাবুর সঙ্গে সেচের কাজে মাঠে যেতাম। সেখানে একটি ক্যানেল ছিল, আঞ্চলিক ভাষায় তাকে বলা হতো কাঁদর। স্বচ্ছ কাঁচের মত ছিল তার জল। এক বর্ষাকাল ছাড়া সারা বছরই জলের গভীরতা থাকত শৈশবকালীন হাঁটুর নিচে। মামাবাবু সেচের কাজে ব্যস্ত থাকতেন, আর আমি ছোট ছোট নুড়ি পাথর মাছ, শামুক, কাঁকড়া ও জলপোকাদের পিছনে পড়ে থাকতাম। তখন বাড়ি থেকে পানীয় জল নিয়ে যাওয়ার তেমন প্রচলন ছিল না। সেই কাঁদরের বালি খুঁড়ে গর্ত করা হতো। ধীরে ধীরে চুঁইয়ে চুঁইয়ে জল জমত। আমার শৈশবের অবাক চোখ স্থির হয়ে থাকত সেই জলের দিকে। মামাবাবু বলতেন এটি হলো ঝরনা। সেই ছিল আমার প্রথম দেখা ঝরনা। কীটনাশকের বাড়বাড়ন্তে এখন আর সে জল কেউ পান করার সাহস পায় না।

চার : কল্পলোক

বর্ষার প্রথমতম দিনে যখন মুষলধারে বৃষ্টিসুন্দরী নেমে আসত। ঘন্টার পর ঘন্টা বৃষ্টি হতো, তারপর সমস্ত মেঘ ঝরে গিয়ে আকাশ হয়ে উঠতো ঝকঝকে, আমি তখনই খেলতে বের হতাম। মাঠ-ঘাট কানায় কানায় ভরে থাকতো। সেই জলের উপর দিয়ে লাফিয়ে-ছুটে-হেঁটে বেড়াতাম। জলের উপর পা রাখা মাত্রই আমি টের পেতাম দীর্ঘদিনের অদর্শনজনিত কারণে বৃষ্টির ওপর ধরণীর সমস্ত রাগ, দুঃখ, সন্তাপ। কেননা তখনও জল উষ্ণ হয়েই থাকতো। তারপর ধীরে ধীরে শীতল হয়ে উঠতো, সমস্ত বর্ষা জুড়ে চলত তাদের প্রেমালাপ।

ফটিক জলের আর্ত ডাক শুনিয়ে একদিন বাবা বলেছিলেন 'পাখিটা জল চাইছে'। তারপর থেকে শৈশবের দিনগুলিতে মনে হত, যখন পৃথিবীর সমস্ত জীবকুল, গাছপালা, পশুপাখি ও মানুষজন একসঙ্গে ঈশ্বরের কাছে প্রার্থনা করে তাদের কষ্ট লাঘব করার জন্য, তাদের দুঃখ দূর করার জন্য, এই উষর ধরণী যখন হয়ে ওঠে দুর্বিসহ-খরতাপমান। তখন জীবজগতের দুঃখে ঈশ্বর কাঁদতে থাকেন। আর ঈশ্বরের সেই কান্নার ফোঁটা-ফোঁটা অশ্রু ধরণীতে বৃষ্টি হয়ে ঝরে পড়ে। মানুষজন গাছপালা পশুপাখি সব স্বস্তি লাভ করে। এভাবেই বৃষ্টির জন্ম হয়, এভাবেই নদী-নালা জলে ভরে ওঠে।

পাঁচ : বিস্তার

"ঘর হতে শুধু দুই পা ফেলিয়া / দেখা হয় নাই চক্ষু মেলিয়া / একটি ধানের শীষের উপর / একটি শিশির বিন্দু।"

না, আমার দেখা হয়েছে। কতবার দেখেছি। আক্ষরিক অর্থেই ঘর থেকে দু'-পা ফেললে মাঠ, আর সেই মাঠের আল ধরে আমি সারাটা শৈশব এবং কৈশোর শিশির ভেজা ঘাসের উপর হেঁটে বেড়িয়েছি, তাও আবার খালি পায়ে। মনে পড়ে কতবার ধান-গাছের-পাতার ডগার শিশিরবিন্দু হোমিওপ্যাথির কাঁচের শিশিতে ধরতাম। তারপর করতাম কি — সেই শিশিটাকে বাড়ির ছাদের বাড়ির ছাদের এক কোণে রেখে দিতাম। বিকেলে গিয়ে দেখতাম কতটা শিশির উবে গেছে। কেন করতাম এমন? এটা ছিল আমার জল পাগলামি।

তিন ভাগ জলএক ভাগ স্থল — একথা তো ছোটবেলা থেকেই শুনেছি। তবে ক্লাস সিক্সে যখন সমাপ্তি ম্যাম পৃথিবীর মানচিত্র এনে বুঝিয়ে দিলেন, অবাক হয়ে ঐ নীল রঙটুকুর দিকে চেয়েছিলাম। আমি যেন হারিয়ে গিয়েছিলাম। যদিও আমার কল্পনার দৌড় খুব বেশিদূর ছিল না। নিজেকে একটা পিঁপড়ের সমান ভেবে বঙ্গোপসাগরের উপর ছেড়ে দিয়ে ভাবছিলাম, আমি যেন তলিয়ে যাচ্ছি। ভারত মহাসাগরের, অতল তলায় তলিয়ে যাচ্ছি আরো দূরে গভীর প্রশান্ত

মহাসাগরে। আর ভাবতে ভাবতে হঠাৎ একাকী ভয় পেয়েছিলাম খুব।

**ছয় : অবাক জলপান**

জল যে কত রকমের হয় তা জেনেছিলাম সুকুমার রায়ের 'অবাক জলপান' পড়ে। কিন্তু জলপানের পদ্ধতিও কম কিছু নয়। যেমন উটেরা একবারে ৪০ লিটার পর্যন্ত জল পান করতে পারে, কৃষ্ণমৃগ বছরে একবার জল পান করে। আক্ষরিক অর্থে জল পান করে না এরকম অনেক প্রাণীই রয়েছে। ব্যাঙের মতো অনেক প্রাণীই ত্বক দিয়ে জল শোষণ করে। কোন কোন প্রাণীর আবার জলের বহির্গমন খুবই অল্প পরিমাণে হয়। গতকাল শুনলাম নমিবিয়ার মরু প্রদেশের গিরগিটি শ্রেণীর প্রজাতি গেকোরঅদ্ভুত জলপানের কথা। সাধারণত ভোরবেলা বা সকালে মরুপ্রদেশে হালকা কুয়াশা দেখা দেয়। তখন গেকোরা আকাশের দিকে তাকিয়ে থাকে চাতক পাখির মতো। তাদের চোখে অল্প অল্প করে জমতে থাকে কুয়াশা। তারপর গেকোরা তাদের চোখ চেটে জল পান করে।

**সাত : অভাব**

শুধুমাত্র অন্তর্নিহিত অর্থে নয়, আক্ষরিক অর্থেও জল মানে যে জীবন তা এই ঘটনা শুনে বুঝেছিলাম। আফ্রিকার একটি প্রত্যন্ত অঞ্চল দক্ষিণ সুদান। সেখানের 'তারকানা' সম্প্রদায়ের আদিবাসী মানুষেরা যাদের কাছে সত্যিই ডায়মন্ড অপেক্ষা জলের মূল্য অনেক বেশি। কেননা তাদের কাছে বিশুদ্ধ পানীয় জলের ধারণাই নেই। জল হিসেবে যা কিছু পান করে তার অধিকাংশই অবিশুদ্ধ। সেজন্য তাদের মধ্যে জলবাহিত রোগের প্রকোপ খুব বেশি। বিশেষত শিশুদের ক্ষেত্রে প্রতি পাঁচটি শিশুর মধ্যে একটি শিশুর মৃত্যু হয় দুই বছর বয়সের পূর্বেই। সেজন্য দুই বছর বয়স পর্যন্ত সেখানে শিশুদের কোন নাম রাখা হয় না। তাদেরকে ডাকা হয় বেবি, ব্লেসিং বা বয় বলে।

বৃষ্টিহীন মেঘগুলোর দিকে চাতক পাখির মতো চেয়ে ছিল ক্রিস্টিনা, পুকুর তীরে জন্ম হলেও পুকুরের জলে কোনদিন খেলা হয়ে ওঠেনি মেয়েটির। আফ্রিকার ঘানা প্রদেশের একটি ছোট্ট গ্রামে তার বাস। বাড়ির পাশের পুকুরে একসময় জল ছিল। দীর্ঘদিন বৃষ্টি না হওয়ায় এবং ক্রমাগত বাষ্পীভূত হয়ে আজ আর জল নেই সে পুকুরে। ক্রিস্টিনার বয়স ১৫ হলেও সে এখানো স্কুলে যায় না, কারণটা কি জানেন? ৭ কিলোমিটার দূর হেঁটে গিয়ে ওটি নদী থেকে জল আনতে আনতে সারাটা দিন চলে যায়। এক সমীক্ষার রিপোর্টে জানা গেছে, গড়পড়তা আফ্রিকার মানুষের সারা জীবনের হাঁটা, অন্তত তিনবার পৃথিবী প্রদক্ষিণের সমান। এমন চিত্র আমাদের দেশেও রয়েছে রাজস্থানের প্রত্যন্ত অঞ্চলে। আর যদি রাজ্যে খুঁজতে চান, তাহলে পুরুলিয়া চলে যান।

**আট : অপচয়**

বাড়ির ট্যাপ কল দিয়ে ছিদ্রজনিত কারণে টিপ টিপ করে জল পড়ছে। অথবা জলের ট্যাঙ্ক থেকে সমজাতীয় ছিদ্র দিয়ে জল ঝরছে, অনেক সময় আমরা হয়তো সেভাবে ভ্রূক্ষেপ করি না। কিন্তু এই সামান্য টিপটিপ করে পড়া জলের পরিমাণ কত, তা হিসেব করলে বেশ অবাকই লাগে। যদি মিনিটে আপনার বাড়ির ট্যাপকল থেকে ১৫টি ফোঁটা পড়ে থাকে, তাহলে সেটি অবশ্যই মাসে ২৪৫ লিটার। অর্থাৎ বছরে ৩০০০ লিটার জল অনায়াসে আপনার অজান্তে নষ্ট হয়ে যায়। সুতরাং কি করণীয়? প্লাম্বার ডাকুন।

আমাদের এই বিশাল পৃথিবীতে রয়েছে ৭০ শতাংশ জল। দেখে মনে হতেই পারে কি অগাধ পরিমাণ জল। কিন্তু এই জলের ৯৭ শতাংশ হল নোনাজল, যা আমরা ব্যবহার করতে পারি না। বাকি ৩ শতাংশের মধ্যে ২ শতাংশ জল রয়েছে উত্তর মেরু, দক্ষিণ মেরু এবং পর্বতগুলিতে বরফ আকারে। অর্থাৎ আমাদের ব্যবহারযোগ্য স্বাদু জল রয়েছে মাত্র ১ শতাংশ। এই ১ শতাংশ জল দিয়েই আমরা স্নান করি, পান করি, লৌহ-ইস্পাত উৎপাদন করি, টিভি চালাই, চাষ করি

অথবা মাংস খাই। উদাহরণ হিসাবে বলা যায় ১ কেজি চাল উৎপাদনে জল লাগে ২৫০০ লিটার। একটা পূর্ণ ডেস্কটপ তৈরি করতে জল লাগে ২৭৬৩৫ লিটার।

নয় : দূষণ

সেই প্রাচীনকালে প্রায় ১৫০০ থেকে ৪০০ খ্রিস্টপূর্বাব্দে ইজিপ্টের অধিবাসীরা প্রথম জলের বিশুদ্ধকরণ শিখেছিল। না বিশেষ কোনো পদ্ধতিতে নয়, জল গরম করলে বা ফেটালে যে জল বিশুদ্ধ হয় এটুকুই শিখেছিল। তারও ৩০০০ বছর পর ১৮৫০ খ্রিস্টাব্দে অণুবীক্ষণ যন্ত্র আবিষ্কার হতে মানুষ দেখতে পেল জলের মধ্যে কত সব জীবাণু। জল হলো একটি অত্যন্ত ভালো দ্রাবক যেজন্য জলে দ্রবীভূত হয়ে যায় জীবাণু থেকে আরম্ভ করে বিভিন্ন রকমের অশুদ্ধি। তারপর একদিন বেলজিয়ামের বিজ্ঞানীরা প্রথম ক্লোরিন-এর ব্যবহার শিখল, যা আজও আমরা ব্যবহার করে থাকি।

জলাভূমিকে বলা হয় প্রকৃতির বৃক্ক। বৃক্ক যেমন প্রাণীদের শরীরে রক্তকে বিশুদ্ধ করে, ঠিক সেরকমই জলাভূমি প্রকৃতির দূষিত পদার্থগুলোকে দ্রবীভূত করে বা ডুবিয়ে রেখে পৃথিবীকে করে পরিশুদ্ধ। কিন্তু সবকিছুরই একটা উর্ধ্বসীমা আছে। মানুষের হয়না কিডনি ফেলিওর? তবুও তো মানুষের ক্ষেত্রে কিডনি প্রতিস্থাপনযোগ্য। কিন্তু প্রকৃতির ক্ষেত্রে আমরা কি যেতে পারবো সেই সুদূর মঙ্গলে? কয়েক বছর আগে কোচিতে হওয়া এক আন্তর্জাতিক কনফারেন্সে শোনা গিয়েছে, সমুদ্রে মোট ৫ লক্ষ ২৫ হাজার কোটি প্লাস্টিক রয়েছে। যার মধ্যে ২ লক্ষ ৫৯ হাজার কোটি ভাসমান অবস্থায়। ২০৫০ সাল অবধি প্লাস্টিক পাওয়া যাবে ৮৫ কোটি মেট্রিক টন যা সমুদ্রের মাছের (৮২ কোটি মেট্রিক টন) থেকেও বেশি। এর প্রধান কারণ হলো আমাদের ফেক পরিবেশ সচেতনতা। একটি উদাহরণ দিলেই আমার বক্তব্য পরিষ্কার হয়ে যাবে। সেবারের সুন্দরবনে গিয়েছিলাম ক্যানিং থেকে, যাত্রাপথে মাতলা নদীতে কোথাও আমাদেরকে প্লাস্টিক ফেলতে দেওয়া হয়নি। কিন্তু পাখিরালয় পার হতেই নদীর মোহনার দিকে যাহাজের কালাসিরা খালি করে দিল ঝুড়িভর্তি সমস্ত প্লাস্টিক।

দশ : উপসংহার

দাঁত থাকতে যেমন দাঁতের মর্ম বোঝায় যায় না, তেমনি অ্যাডাম স্মিথের মূল্যের বৈপরীত্যের ধারণা অনুযায়ী জল থাকতে জলের মর্ম বোঝা যায় না, অর্থাৎ সাহারার বুকে একখানি হিরে অপেক্ষা এক গ্লাস জলের মূল্য অনেক বেশি হতে পারে। ভারতকে আমরা নদীমাতৃক দেশ বলে থাকি। কিন্তু সমীক্ষা থেকে জানা গেছে দেশের ৯০ শতাংশ নদীর জলপ্রবাহের সময়কাল মাত্র চার মাস। অন্যদিকে আবার ৫০ শতাংশ বৃষ্টিপাতের সময়কাল মাত্র ১৫ দিন। অন্য একটি হিসেবে থেকে জানা যায় যে ভারতের মাথাপিছু বার্ষিক জল সঞ্চয়ের পরিমাণ ২ লক্ষ লিটার, যেখানে আমেরিকার বা অস্ট্রেলিয়ার মতো দেশগুলির ঐ হিসেবে ৫০ লক্ষ লিটার। অর্থাৎ জল সঞ্চয়েও ভারতবর্ষ একটি দরিদ্রতর দেশ, যেখানে ভারতের মাথাপিছু দৈনিক গড় জলের চাহিদা ১৭০ থেকে ২০০ লিটারের মতো। শোনা যায় আগামী পৃথিবীতে তেল নয়, জল নিয়ে বাঁধবে দাঙ্গা। তথ্য ঘাঁটলে কথাটির যথার্থতা অনুভব করা যায়।

সূর্য যেমন সকল শক্তির উৎস, তেমনি জল হলো পৃথিবীর সমস্ত সৃষ্টির উৎস। পৃথিবীর আদি প্রাণের সৃষ্টি তো হয়েছিল সমুদ্রে। কোয়াসারভেট নামক এক ধরণের উত্তপ্ত তরল লঘু স্যুপ থেকে। সেই থেকে ঈশ্বরের যা কিছু সৃষ্টি সবই জল দিয়ে তৈরি। জীবদেহের বেশিরভাগ অংশটাই জল দিয়ে তৈরি, আবার খাদ্য হিসেবে আমরা যা কিছু গ্রহণ করে তাও জল দিয়ে তৈরি। সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় এক অণু গ্লুকোজ তৈরিতে ছয় অণু জল লাগে। অর্থাৎ সূর্য বিনে যেমন পৃথিবী অন্ধকার, তেমনি জল বিনে এ পৃথিবী হাহাকার।

# অকৃতজ্ঞ সমাজ

– পিকু দত্ত
(১ম সেমিস্টার) সোসাল ওয়ার্ক বিভাগ

পলাশপুর গ্রামের শেষপ্রান্তে অশোক একটা ছোট্ট কুঁড়ে ঘরে তার বিধবা মায়ের সাথে থাকত। অনেকদিন আগেই তার বাবা তাদের ছেড়ে চলে গিয়েছেন। অশোক এই গ্রামের মাঠ-ঘাট, সবুজ গাছপালা এসবের মধ্যে যেন খুব অন্তরিকভাবে জড়িয়ে আছে। এই গ্রামের সবুজ প্রকৃতির মধ্যে সে ধীরে ধীরে বড় হয়েছে। তার মা গ্রামেরই এক ধনী পরিবারের রান্নাপরিচারিকার কাজ করে কোনোরকমে সংসার চালান। অশোক গ্রামেরই স্কুলে পড়ে তবে সে পড়াশোনার সাথে সাথে তার মাকেও কাজে সাহায্য করে। এই গ্রামের সব মানুষজনকে সে নিজের আপনজন ভাবে। অশোক সবসময় তাদেরও বিভিন্ন কাজে সাহায্য করে। একবার অশোকদের স্কুলে সরস্বতী পূজার চাঁদা হিসেবে সবাইকে দশ টাকা করে নিয়ে যেতে বলে। অশোক তার মাকে গিয়ে কথাটি বললে তার মা চুপ করে থাকে। এই দেখে সে তার মায়ের অবস্থা বুঝতে পেরে আর কিছু বলে না। এদিকে স্কুলে সরস্বতী পূজার জন্য চাঁদা দিতে না পারায় তাকে স্কুলের পূজার জন্য আমন্ত্রণ জানানো হয় না। অশোক দুঃখিত মনে বাড়ি ফিরে দেখে তার মায়ের প্রচণ্ড জ্বর। অশোক এসে তার মাকে জিজ্ঞাসা করে জানতে পারল যে, তার মায়ের বৃষ্টিতে ভিজে ভিজে কাজ করার ফলে জ্বর হয়েছে। অশোক বলল, "তুমি পাড়ার কাউকে ডাকোনি কেন? আমাদের গ্রামেই তো ডাক্তারবাবু রয়েছেন তার কাছে যাওনি কেন?" তার মা উত্তরে বলল, "গেছিলাম! কিন্তু আমাকে ওষুধ দেয়নি, আমার কাছে তো পয়সা নেই তাই।" অশোক দেখে তার মা দিনে দিনে আরও অসুস্থ হয়ে পড়ছে। তা মায়ের খাওয়া জোটেনি। অশোক তখন গ্রামের মানুষজনদের কাছে সাহায্য চাইতে গেলে কেউ তাকে সাহায্য করে না। সে তখন ডাক্তারবাবুর বাড়ি গিয়ে বলে, "ডাক্তারবাবু, আমার মায়ের প্রচণ্ড জ্বর, দয়া করে কিছু ওষুধ দিন।" কিন্তু ডাক্তারবাবু বলেন – "একশো টাকা দে ওষুধ দিচ্ছি।" সে তখন আবার গ্রামের মানুষদের কাছে সাহায্য চাইতে গেলে তারা বলে যে, "আমরা টাকা দিতে পারব না, কারণ তুই তো আমাদের টাকা শোধ করতে পারবি না" "যতসব ভিখারির দল এসে জুটেছে।" অশোক কাঁদতে কাঁদতে বাড়ি ফিরে তার মাকে বলে, "সবার কাছে সাহায্য চাইতে গেলাম কেউ সাহায্য করল না মা।" "যতসব অকৃতজ্ঞের দল।" তার মা তখন বলে "আমি জানতাম বাবা কেউ আমাদের সাহায্য করতে আসবে না।" শোন "তুই শুধু আমার শেষ ইচ্ছেটুকু পূরণ করিস। আমি মরে গেলে আমার মুখে আগুন দিবি, আর ভালো করে পড়াশোনা করবি।" এই কথা বলতে না বলতেই তার মা মারা গেল। অশোক তখন কান্নাকাটি করে খুব চেঁচাতে লাগল কিন্তু গ্রামের কেউ তার বাড়িতে ছুটে এল না। অশোক কোনোরকমে তার মায়ের মুখে আগুন দিল।

ডাক্তার থেকে শুরু করে গ্রামের মানুষজন সবার কাজেই অশোক সবসময় তাদের সাহায্য করত। কোনো বিপদ-আপদ হলে তার মাও তাদের পাশে গিয়ে দাঁড়াত। অথচ তাদের বিপদের সময় কেউ তাদের সাহায্য করল না। অশোক বুঝতে পারল যে এই গ্রামের সবাই নিজের ভালো ছাড়া কারোর ভালো বোঝে না। "সবকটা স্বার্থপরের দল।" এই গ্রামের মানুষজনের মনুষ্যত্ববোধ বলে কিছু নেই। এদের জন্য সমাজ ধীরে ধীরে কলঙ্কিত হচ্ছে।




Photographs of the Educational Jaunt of the Department of Physics






Pictures of the Educational Outing of the Department of Physical Education



# UNLOCK YOUR POTENTIAL

*—Pradip Banerjee*
English Hons. [ 1st Sem ]

Once upon a time in a small town there lived a young dremer named Alex who nestled amidst rolling hills. Alex had always been filled with an instiable curiosity and an unwaving belief in his own abilities. He had big dreams and aspirations, but often found himself doubting whether he could truly achieve them. One sunny morning, Alex was strolling through the town square, he stumbled upon an old bookstore. He was intrigued by the smell of aged books and the promise fo hidden knowledge within its walls. Alex stepped inside. The bookstore was filled with shelves upon shelves of books, each one holding stories of horror, thriller, comedy, adventure and inspiration. As Alex persued the aisles, his eyes fell upon an old book titled "Unleashing Your Potential". It seemed to call out to him, as if it held the key to unlocking his true capabilites. With excitement coursing through his veins, Alex eagerly opened the book. Page after page revealed stories of ordinary individuals who had overcome great obstacles to achieve extraordinary things. He read about inventors who were told their ideas were impossible but persisted nontheless until they changed the world. He learned about artists who faced countless rejections but never gave up on their passion for creating beautiful masterpieces and he discovered tales of atheletes who pushed past physical limitations to become champion. With each story absorbeed into their being, Alex's doubts began to fade away like shadows in the sunlight. He realized that greatness was not reserved for anyone willing to embrace their potential and preserve through challenges. Inspired by these stories of resillience and determination, Alex made a new vow to himself that day. He would no longer let self-doubt that hold him back from pursuing his dreams. He would embrace every opportunity that come his way and face every setback as a chance to grow stronger. Days turned into weeks and weeks into months as Alex embarked on his journey towards self discovery and personal growth. Along the way the encountered hurdles that tested his resolve-moments when giving us seemed tempting. But armed with newfound coverage and unwavering belief in himself, he pressed on with eachstep forward, Alex's confidence grew stronger. He began to see progress in areas where he once felt stuck-horning

skills he thought were beyond his reachness and achieving goals that once seemed impossibole. Word of Alex's transformation spreaded throughout the town like wildfire. People amazed that how this once-doubtful dreamer had blossomed into an inspiration for others. Friends sought advice from him on overcoming obstacles, stranger looked up to him as proof that dream could indeed come true. But admist all this inspiration for others, it was the inner transformation that mattered most to alex. He realized that success was not just about accomplishements it was about embracing one's true potential and living authenticity.

And so, dear reader, remember this tale whenever doubts creep into your mind or obstacles seem insurmountable. You have within you an untapped wellspring of potential waiting to be unleashed. Belief in yourself wholeheartedly and let your dreams guide you towards greatness for you are capable of achieving anything you set your mind to!

# দিদির ভালোবাসা

– মঞ্জু ঘোষ
(৩য় সেমিস্টার) সংস্কৃত সাম্মানিক

জেলের মধ্যে থাকা বছর তেইশের যুবকটি ঘুম থেকে আঁতকে উঠল, কাঁদতে কাঁদতে বলল – দিদি বিশ্বাস কর, আমি তোকে মারতে চাইনি রাগের মাথায় এইসব করে ফেলেছি। দিদি তুই প্লিজ ফিরে আয়।" রাগের মাথায় একটা ভুল হয়ে যাবে ভাবতে পারিনি।

"এখন আর আফসোস করে কী হবে, যা করার তা তো করেই ফেলেছো। আচ্ছা তুমি ইচ্ছে করে তোমার দিদিকে মেরে ফেলোনি তো?" জেলে পাহারাদার এক পুলিশ বলল।

"আপনি এইসব কী বলছেন?" – জয় বলল।

"না মানে চারিদিকে সম্পত্তির লোভে ছেলেমেয়েরা নিজেদের মা বাবাকেই মেরে ফেলছে তাই বললাম।"

"আপনি চুপ করুন, আপনি চুপ করুন।"

"তুমি আসামী হয়ে আমাকে আদেশ দিচ্ছো।" এই রাতের বেলা কথা না বলে চুপচাপ ঘুমাও আর আমাকেও ঘুমাতে দাও।" পুলিশটির ধমকানোর সাথে সাথে জয় চুপ করে গেলো এবং শুয়ে পড়লো।

অনবরত চোখের জল ফেলতেই লাগল। নিজের রাগের উপর নিজেরই রাগ হচ্ছে। কোন সময় সাতপাঁচ ভাবতে ভাবতে ঘুমিয়ে পড়ল।

"ভাই, এই ভাই চোখ মেলে দ্যাখ"

"দিদি তুই এসেছিস?"

"হ্যাঁ রে ভাই-এর আর্তনাদ শুনে এই দিদির পরলোকে গিয়েও হৃদয়কে কম্পিত করেছে, তাই তোর কষ্ট দেখে চলে এলাম।"

"দিদি তোর খুব কষ্ট হচ্ছে তাই না? আমি তোকে গলা টিপে মেরে ফেললাম বলে।"

"আমার থেকে শতগুণ কষ্ট তোর হচ্ছে, তুই আত্মগ্লানিতে ভুগছিস।"

"দিদি আমি তোকে খুব ভালোবাসি।"

"জানি তো ভাই" তোর মনে আছে যখন তুই এক বন্ধুর বাড়িতে খেতে গিয়েছিলি আর তোকে বলেছিলাম আজ আইসক্রিম আনবি খুব খেতে ইচ্ছে করছে, তখন তোর ফেরার দেরি হবে বলে তোর বন্ধুর দেওয়া আইসক্রিমটা আমার জন্য লুকিয়ে পকেটে করে এনেছিলি। আরো মনে আছে, আমি ডিমের কুসুম খেতে ভালোবাসতাম বলে তোর ডিমের কুসুম আমার পাতে তুলেদিয়ে বলতিস আমার কুসুম খেলে বমি পায় অথচ স্কুলের ডিম তুই অনায়াসে খেতে পারতিস।

"একবার যখন আমার পুজোয় জামা কেনা হয়নি তখন তুই তোর জামা প্যান্টের টাকা আমাকে দিয়ে দিয়েছিলিস।"

বিশ্বকর্মা পুজার পরের দিন জয়ের মা বাবা গিয়েছিল জয়ের মামা বাড়ি। সেইদিন সন্ধ্যাবেলা জয়ের দিদি ও জয়ের মধ্যে টিভির রিমোট নিয়ে ঝগড়া হয়।

"ভাই আমাকে রিমোট টা দে আমি সিনেমা দেখব।"

"তুই সবসময় আমাকে আদেশ করবিনা আমি রেগে যাচ্ছি।"

'রিমোট না দিলে আমি তোকে মারব কিন্তু।'

"জয় বিকাল থেকেই একটু রেগে ছিল, সারাদিন দিদির ফাইফরমাস শুনতে শুনতে হাঁপিয়ে উঠেছিল। তার উপর আবার এখন আদেশ করছে টিভির রিমোট দেওয়ার জন্য। তার কোথা থেকে যেন একটা ভাবনা উদয় হলো সে পুরুষ হয়ে কেন নারীর আদেশ শুনবে?

"তবে রে হতচ্ছাড়ি আমাকে মারবি তুই! আমিও তোকে গলা টিপে মেরে ফেলব। সকাল থেকে থুড়ি প্রায় সবসময় তুই আমাকে আদেশ করিস, চিরজীবনের

জন্য বন্ধ করে দেবো। ব্যাস যেমন বলা তেমন কাজ। রাগের মাথায় রিমোট ছুড়ে ফেলে মঞ্জুর গলা টিপে ধরল, প্রথম দিকটা মঞ্জু ছটফট না করলেও শেষে ছটফট করছিল, হাত পা ছুঁড়েছিল। তারপর আর কী! ভবলীলা সাঙ্গ হয়ে গেল। যখন মঞ্জু অর্থাৎ জয়ের দিদির নিথর দেহটা লুটিয়ে পড়ল, তখন জয়ের হুঁশ ফিরে এল।

"দিদি চোখ খোল, চোখ মেলে দেখ, ফিরে অভিনয় করছিস তো না'রে, অভিনয় করছিস কেন? তাকা। তাকানারে তুই একবার! হাতদুটো স্পর্শ করে বুঝতে পারল অক্সিজেন আর দিদির দেহে আর কোনোদিন প্রবেশ করবে না। এখন ভেবে কী কাজ? তাই বলে ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না। জয় নিজেই উঠে গিয়ে পুলিশকে খবর দেয়। তারা তাকে নিয়ে যাওয়ার সময় সে পুলিশকে বলে — "আমার বাবা মাকে খবর দিন আর আমার দিদির মৃতদেহটা ময়নাতদন্ত করবেন না। দিদি মৃত্যুর আগে পর্যন্ত খুব কষ্ট পেয়েছে।"

এরপর জয়ের বাবা মা ছেলের সঙ্গে দেখা করতে এসে যাচ্ছেতাই ভাবে অকথা-কুকথা শুনিয়েছিল। জয় কোনো কথার উত্তর না দিয়ে শুধু একটাই কথা বলে — "বাবা তুমি দেহটা ময়নাতদন্ত হতে দিও না তাহলে খুব কষ্ট পাবে দিদি।"

কোর্টে যখন কেসটা উঠে তখন জয়ের বাবা বিভ্রান্তিতে পড়ে যায়। এখন তিনি কার পক্ষ নেবেন। অনেক চিন্তা করে তিনি দোষীকে সাজা দেওয়ার জন্য মেয়ের পক্ষ নেন।

অবশেষে কোর্টে রায় দেওয়ার সময় চলে এলো। বিবাদী পক্ষের অর্থাৎ যার বিরুদ্ধে মামলা করা হয়েছে তার পক্ষের কোনো উকিল না থাকায় বাদী পক্ষ অর্থাৎ জয়ের বাবা জিতে গেল। বিবাদী পক্ষের উকিল আদালতের কাছে মিনতি করেছিল জয়ের মৃত্যুদণ্ডের জন্য। কিন্তু আদালতের বুঝি হৃদয় নেই; তাই মৃত্যুদণ্ড না যাবজ্জীবন কারাদণ্ডের শাস্তি দিলেন। জয় আদালতের সামনে সবাইকে বলে — নিজের রাগকে যে মানুষ নিয়ন্ত্রণ করতে পারে না তার ধ্বংস নিশ্চিত। জেলের মধ্যে দিদির কষ্টের কথা ভেবে নিজে নিজের মুখের উপর বালিশ চাপা দিয়ে শ্বাসরুদ্ধ করে আত্মহত্যা করল। মারা যাবার সময় আদালতের নিজের বলা কথাটা কানের কাছে বাজতে লাগল।

"দিদি আমি এসেছি নীচের দিকে তাকিয়ে দ্যাখ, ওরা আমার দেহটা নিয়ে কোলাহল করছে। মা বাবা দুজনেই দুই সন্তান হারিয়ে কান্নায় ভেঙে পড়েছে। তোকে খুন করে আমি বেঁচে থাকতে পারতাম না।"

"তুই মা-বাবার পাশে থাকতে পারতিস, ওনারা এবার কী নিয়ে বাঁচবে? দিদির ভালোবাসা শত যন্ত্রণাকেও ভুলিয়ে দিতে পারে।"




**Shots taken during the Educational Trip of the Department of Mathematics**







**Snaps taken during the Educational Outing of the Department of Computer Science**




Snaps taken during the Educational Outing of the Department of Computer Science







Snapshots of the Educational Jaunt of the Department of Commerce

# অভিমান

— নাসরিন সুলতানা
(৫ম সেমিস্টার) পলিটিক্যাল সায়েন্স অনার্স

বেতালপুর নামক এক ছোট্ট গ্রাম। গ্রামের চারিপাশে অসংখ্য গাছপালা। এই গ্রামের এর নিম্নবিত্ত পরিবারে ঝুমুরের জন্ম হয়। ঝুমুর নিম্নবিত্ত পরিবারে জন্ম নিলেও তাঁর পরিবারে আনন্দ উৎসবে মেতে থাকতো সকলে। পরিবারে তার মা, বাবা এবং তার ঠাকুমা থাকতো। ঝুমুর খুব চঞ্চল প্রকৃতির মেয়ে যে গাছ থেকে আম পাড়া সারা পাড়া বন বন করে ঘুরে বেড়াতো এবং সন্ধ্যা পর্যন্ত সকল বন্ধুদের সঙ্গে খেলা করা এসব ছিল তার প্রতিদিনের কাজ। রোজ সন্ধ্যার সময় বাড়ি ফিরে তার দুধমুড়ি খাবার হল অমৃতের সমান। রোজ বাড়ির উঠানে ছাগল ছানা নিয়ে খেলা করা, তার ঠাকুমার চুল বেঁধে দেওয়া এসব হল তার প্রতিদিনের কাজ। সবই ঠিক-ই ছিল হঠাৎ একদিন সকালে ঝুমুরের বাবা ও তার ঠাকুমা ব্যবহারিক জিনিসপত্র কেনার জন্য শহরে যায়, কিন্তু আর ফিরে আসে না, ঝুমুরের মা অনেক খোঁজাখুজি করতে থাকে। সবার বাড়িতে গিয়ে খোঁজ নেয় তাতে কিছু লাভ হয় না। দীর্ঘ অপেক্ষার পর শহরের কোন এক পুলিশ বাবু এক ঝড় বৃষ্টির রাতে ঝুমুরের গ্রামে এসে ঝুমুরদের বাড়িতে দেখা করে খবর দেন যে এই ব্যক্তি অর্থাৎ ঝুমুরের বাবা এবং ঠাকুমা রেল পারাপার করতে গিয়ে রেলে কাটা পড়ে মারা গেছেন। তাদের ব্যাগ থেকে পাওয়া আধার থেকে আমরা এখানে পৌছাতে পেরেছি। এমন শুনে ঝুমুর এবং তার মা কান্নায় ভেঙ্গে পড়ে। ঝুমুরের বাবা মারা যাওয়ার পর থেকেই তাদের সংসারে নেমে আসে আরও অন্ধকার। ঝুমুরের মা সংসার চালানোর জন্য গ্রামের এক মানুষের সহায়তায় শহরে আসে। মনে অনেক প্রবল আশা নিয়ে কাজ খুঁজতে থাকে। সকলের বাড়ী বাড়ী গিয়ে কাজ খুঁজে মেয়ে ঝুমুর তখন শুধু দেখতে থাকে শহরের বিশাল বিশাল উঁচু বাড়িগুলি। কি বিশাল গাড়ি, কত বাস, গাড়ি কত কিছু আর কত বড়ো বড়ো দোকান। আবার একই দোকানে কত কী এসব দেখে ঝুমুরের মাথা যেন ঘুরে যায়। অবশেষে অনেক ঘোরার পরে ঝুমুরের মা এক বাড়ীতে রান্নার কাজ পাই। ছোট্ট ঝুমুর এবং তার মা ঐ বাড়ীতে থাকে। এই বাড়ীতে থাকতেন ৪০ বছরের রমেন দাস পেশায় ব্যবসায়ী। তাঁর প্রথম পক্ষের স্ত্রী ছেড়ে চলে গেছেন। রমেন বাবু খুব চালাক লোক। সে গ্রামের সহজ সরল ঝুমুরের মা কে দেখে বিবাহ করতে চান। অবশ্য মনে মনে ভাবতে থাকেন এর প্রয়োজন ফুরিয়ে গেলে এই মহিলাকে বিক্রি করে ভালো দাম পাওয়া যাবে। ঝুমুরের মা সদ্য স্বামী, শাশুড়িকে হারিয়ে সব ভুলে নিজের কাজকে আগলে ধরে এবং ছোট্ট ঝুমুরকে বড় করার লক্ষ্যে মনকে শক্ত করে। হঠাৎ এক সকালে মালা নিয়ে এসে রমেন বাবু ঝুমুরের মাকে বিবাহের প্রস্তাব দেন। ঝুমুরের মা মিতালি কি করবে ভেবে না পেয়ে শেষ পর্যন্ত মেয়ের ভবিষ্যৎ ভালো হবে ভেবে রাজি হয়ে যায়। ঝুমুরের মা শহরে থাকতে থাকতে, শহরের আদব কায়দা শিখে নেয়। ধীরে ধীরে আধুনিক হতে থাকে। এসব দেখে রমেন বাবুর খুব ভালো লাগে। কিন্তু ঝুমুর যেনো ধীরে ধীরে কোথায় হারিয়ে ফেলে তার ভালোবাসাগুলোকে সেই, ছাগলছানা, আমগাছ, ঠাকুমার চুল বাঁধা, উঠানে বসে মুড়ি খাওয়া, গ্রামের মেলা এসব যেন আর নেই কোথায় হারিয়ে গেল সব। তার মায়ের হাতের সন্দেশ, রূপকথার গল্প আর সে শুনতে

# "গানের ভিতর দিয়ে যখন দেখি ভুবনখানি"

– অনন্যা মুখার্জ্জী
(৫ম সেমিষ্টার) ফিলোজফি অনার্স

আমার নাম অনন্যা মুখার্জ্জী। আমি বর্তমানে সোনামুখী মহাবিদ্যালয়ের দর্শনশাস্ত্র বিভাগের তৃতীয়বর্ষের ছাত্রী। অবশ্য, এছাড়াও আমার আরও একটি পরিচয় আছে। সেটি হল, আমি একজন সঙ্গীত অনুরাগী ও শিক্ষার্থী। সঙ্গীত বা গানের প্রতি আনুগত্য স্বীকার করেছি আমি খুব ছোটোবেলা থেকেই। সাধারণ মধ্যবিত্ত পরিবারের রীতি রেওয়াজ মেনে বেড়ে ওঠা আর পাঁচটা ছেলেমেয়ের সঙ্গে আমার বিশেষ কোনো ফারাক ছিল না, শুধু একটা তফাৎ ছিল। আমার পরিবারে পড়াশোনা আর সঙ্গীত, দুটোরই চর্চা হত সমানভাবে। দাঁড়িপাল্লায় মাপলে সঙ্গীতের দিকটা বেশীই ভারী ছিল বোধ হয়। ফলস্বরূপ খুব ছোটো থেকেই 'সা'-এর সঙ্গে আমার বন্ধুত্ব আর 'কড়ি-কোমল'-এর সঙ্গে বেড়ে ওঠা। কোনো এক সন্ধেবেলা আমার জীবনের প্রথম গানটি শেখা আমার বাবার কাছে বসেই। তখন আমি হয়তো বছর পাঁচেকের। সেই ছিল আমার গানের হাতেখড়ি – "আজি বিজনে ঘরে ......."। সেদিন থেকেই আমার সঙ্গীত জীবনে প্রবেশ। তারপর শ্রদ্ধেয় স্বর্গীয় ভজন গাঙ্গুলীর কাছে আমি সংগীতের তালিম নেওয়া শুরু করি। পাঁচবছর তাঁর কাছে শেখার পর আমি বিষ্ণুপুরে শ্রদ্ধেয় পণ্ডিত সুজিত গঙ্গোপাধ্যায়ের শিষ্যত্ব গ্রহণ করি। বর্তমানে আমি তাঁরই ছাত্রী। এছাড়া আমার এই ক্ষুদ্র শিক্ষার্থী জীবনে আমি এমন কিছু গুণী মানুষের সান্নিধ্য পেয়েছি, তাঁদের আশীর্বাদ গ্রহণ ও স্নেহলাভ করেছি, যাঁর মধ্যে একজন হলেন, স্বনামধন্য শিল্পী সৈকত মিত্র মহাশয় ও শ্রদ্ধেয় সৌম্য কেস – এর সান্নিধ্য লাভ করা এবং তাঁদের কাছে তালিম নিতে পারার অভিজ্ঞতা আমার জীবনের অন্যতম শ্রেষ্ঠ পর্যায়গুলোর মধ্যে একটি।

আরও দুজন গুরুর কথা বিশেষভাবে না বললেই নয়, তাঁরা হলেন আমার বাবা এবং দাদা। আমার বেড়ে ওঠার প্রতিটি অধ্যায় তারা আমাকে আগলে রেখেছে বটগাছের ছায়ার মতোই। আমার দাদাও একজন সংগীত শিল্পী। তার সাথে সংগীত চর্চা করেই আমার বেড়ে ওঠা। যার কারণে, স্বাভাবতই প্রতিটি ছোট ছোট ভুলে, ছোটো ছোটো সাফল্যে আমার পাশে থেকেছে প্রায় সর্বক্ষণই। গান শেখা থেকে শুরু করে লাইভ-শো এবং গানের অনুষ্ঠানে এই মানুষটাই আমাকে সবসময় গাইড করে।

লাইভ শো এর পাশাপাশি বর্তমানে, আমি একটি ছোট্ট গানের স্কুল খুলেছি এবং আরও কিছু কাজ করছি গান নিয়েই। আমার স্কুলে ছোটো বড়ো মিলিয়ে প্রায় জনা কুড়ি শিক্ষার্থীর আনাগোনা। তাদের ভালোবাসা নিয়েই আমি এগিয়ে যেতে চাই অনেকখানি পথ।

প্রথমেই বলেছি, আমি মনে করি একটি ব্যাপারে আমি সাধারণ আর পাঁচটা ছেলেমেয়ের তুলনায় একটু বেশীই সুবিধা পেয়েছি। সেটি হল – আমার সংগীত চর্চার প্রতি আমার পরিবারের নিঃস্বার্থ সমর্থন। আমার বাবা-মা, দাদা আমার গান শেখাটাকে সেকেন্ডারি করে দেখেননি। সবসময় পাশে দাঁড়িয়েছেন নিঃশর্তভাবেই। আর ঠিক এভাবেই আপনাদের সবার আশীর্বাদকে সঙ্গে নিয়ে সামনের দিকে এগিয়ে যেতে চাই। পাশে পেতে চাই প্রত্যেকটি ছোটো ছোটো পদক্ষেপ।

ধন্যবাদ সকল পাঠককে।

## আমাদের কলেজের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের 'প্রবন্ধ লেখ' প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী / স্থানাধিকারিণীর প্রবন্ধগুলি

The essays of 1st, 2nd and 3rd position holders in the 'Essay Writing Competition' of Annual Cultural Function of our collge

### সোনামুখী ও সোনামুখী কলেজ
### SONAMUKHI & SONAMUKHI COLLEGE

– আঁখি ব্যানার্জী (৩য় সেমিস্টার) বাংলা বিভাগ
Ankhi Banerjee (3rd Sem.), Bengali Dept.
প্রথম স্থানাধিকারী (1st Position Holder)

সোনামুখী হল আনন্দ ও বিশ্বাসের শহর। সোনামুখীর প্রতিটি অলিতে-গলিতে দেবতাদের মন্দির। তার মধ্যে প্রধান হল মা স্বর্ণময়ী দেবীর মন্দির। সোনামুখী ছোটো শহরটির নাম হয়েছে তা স্বর্ণময়ীর নাম থেকে। এই স্বর্ণময়ী হল সোনামুখীর আদি ও গ্রাম দেবতা। এই মন্দিরটি আজ থেকে দু'শো বছর আগে ত্রিবেণী থেকে আগত হরগোবিন্দ নামক ব্রাহ্মণ ঠাকুর এই প্রস্তরখণ্ডটি জনবসতি প্রান্তে প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে জমিদার এই প্রস্তরখণ্ডের মূর্তিটি সোনা দিয়ে মুড়ে দেন। কিন্তু বর্তমানে সেই স্বর্ণনির্মিত মূর্তিটি আর নেই। সেই থেকে এই দেবতার নাম হয় স্বর্ণমুখী থেকে স্বর্ণময়ী। এখানে বিভিন্ন ধর্ম, সম্প্রদায়, ডাকাতি লুণ্ঠন হওয়ার পরও এখন সোনামুখী শহরটি সম্মানের সঙ্গে স্বমহিমায় উজ্জ্বল হয়ে ফুটে রয়েছে। একবিংশ শতাব্দীর বুকে গৌরবান্বিত হয়ে আছে। বাঁকুড়া জেলার সোনামুখী শহরটি উত্তর-পূর্ব সীমান্তে অবস্থিত। এই শহরের বুকে জন্মগ্রহণ করেছেন সাধক হরনাথ বন্দ্যোপাধ্যায় ও সাধিকা কুসুমকুমারী দেবী। এই সোনামুখীর বুকে জীবিত অবস্থাতেই সমাধিস্থ হয়েছেন বৈষ্ণব সাধক মনোহর দাস। শুধু সাধক জনেরাই নয়, এই সোনামুখীতে জন্মগ্রহণ করেছেন কণিকা বন্দ্যোপাধ্যায়ের মতো গায়িকা যাকে ১০০ বছর পরেও আমরা স্মরণ করছি। সোনামুখী শহরটির মধ্যে রয়েছে মানুষের সকাল থেকে রাত অবধি সমস্ত দরকারে সব সুবিধা। এই শহরে গড়ে উঠেছে পৌরসভা, যেখানে মানুষের দরকারের সকল সুযোগ-সুবিধা প্রদান করে। এছাড়াও রয়েছে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান। একটি শিশু জন্মের পর আর দরকার উন্নত মানের শিক্ষা। সেই শিক্ষা ব্যবস্থায় সমস্ত সুবিধা এই সোনামুখীতে তৈরি হয়েছে। সোনামুখী শহরের প্রতিটি ওয়ার্ডে একটি করে প্রাথমিক সরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়েছে। তারপরে রয়েছে চারটি মাধ্যমিক ও দুইটি উচ্চ-মাধ্যমিক স্তরের বিদ্যালয়। শুধু এখানেই শেষ নয়, তার পরের ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষার জন্য তৈরি হয়েছে কলেজ অর্থাৎ আমাদের প্রিয় সোনামুখী কলেজ। পাঁচ দশকেও বেশি সময় ধরে এই শিক্ষা প্রতিষ্ঠান উচ্চ-মান-সম্পন্ন শিক্ষা প্রদান করে আসছে। প্রতিষ্ঠানটি ১৯৬৬ সালে আমাদের সকলের শ্রদ্ধার শিক্ষক মাননীয় অনন্তলাল পাত্র মহাশয়ের হাত ধরে শুভ সূচনা হয়।

এই কলেজটি উন্নত মেধা সম্পন্ন শিক্ষাদান করে

আসছেন। এই প্রতিষ্ঠানে কলা, গণিত, বাণিজ্য বিষয়ের পাশাপাশি সাহিত্য, ইংরাজী, ভূগোল, ইতিহাস, সংস্কৃত প্রভৃতি বিষয়ে শিক্ষাদানের ব্যবস্থা আছে। কলেজটির মধ্যে সুন্দর শ্রেণিকক্ষ, পাঠাগার, খেলার মাঠ, পরিচ্ছন্ন ক্যান্টিন নিয়ে সুন্দর স্বাস্থ্যসম্পন্ন একটি পরিবেশ আনে। প্রতিষ্ঠানের প্রতিটি অধ্যাপক উচ্চ মেধাসম্পন্ন। তাঁরা সকলেই আমাদের উপযুক্ত জ্ঞান প্রদান করে আসছেন। কলেজের প্রতিটি ছাত্র-ছাত্রীকে শিক্ষাকে আকর্ষণীয় করার জন্য বিভিন্ন সেমিনার, প্রোজেক্ট দিয়ে উৎসাহিত করে থাকেন। সোনামুখী কলেজের মধ্যে রয়েছে প্রতিনিধি, বিভিন্ন টিম। তারাও আমাদের সাহায্যের হাত বাড়িয়ে দেয়। এই কলেজে শুধুমাত্র ছাত্রদের নয়, ছাত্রীদের পড়াশোনায় উন্নতি করার জন্য বিভিন্ন কোর্স করিয়ে থাকে। বর্তমান অধ্যক্ষ মহাশয়ের (ড. বাপ্পাদিত্য মণ্ডল) হাত ধরে 'সোনামুখী কলেজ টিম' কাজ করে চলেছেন। এই টিম আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে অনেক সহযোগিতা করে আসছেন। ২০২২ সালে আমাদের শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য বিশ্ববিদ্যালয়ের পরিদর্শকেরা এসে তা পর্যবেক্ষণ করে গেছেন এবং আমাদের কলেজের মান আরও একধাপ এগিয়ে দিয়েছেন। এর ফলে কলেজের সম্মান ও মর্যাদা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। এই প্রতিষ্ঠানে রেগুলার পড়াশোনার পাশাপাশি ওপেন থেকে পড়াশোনার ব্যবস্থা চালু হয়েছে।

পরিশেষে বলা যায়, সোনামুখী ও সোনামুখী কলেজের উন্নতি আরও আরও এগিয়ে যাক এই দেখার অপেক্ষায় রইলাম আমি ও আমাদের কলেজের প্রতিটি ছাত্র-ছাত্রীবৃন্দ ও সোনামুখীবাসীবৃন্দ।





Mountaineering and Rock Climbing
Demonstration by Mainak Explorer
in association with NCC Unit of our college




Plantation Awareness by NSS Units of our
college as a part of Students' Week Celebration



Celebration of National Youth Day by NCC Unit of Sonamukhi College



Garbage Cleaning Operation by NSS Units of Sonamukhi College




Celebration of Foundation Day of our beloved college



'Kicking the Ball Event for Staff" at Annual Sports of our college




Prize and Certificate Distribution Ceremony of Cultural Competition held to celebrate Students' Week




Prize Distribution Ceremony of Annual Sports

# সোনামুখী ও সোনামুখী কলেজ

## SONAMUKHI & SONAMUKHI COLLEGE

– শিল্পা শর্মা (১ম সেমিস্টার) সোসাল ওয়ার্ক বিভাগ
Shilpa Sharma (1st Sem.), Social Work Dept.
দ্বিতীয় স্থানাধিকারী (2nd Position Holder)

নাহ্ শহরটা আমার নয়, আমার বেড়ে ওঠা শৈশব কোনো কিছুর সাথেই শহরটার কোনো আত্মিক যোগ আছে বললেও মিথ্যা বলা হবে, তবে হ্যাঁ সেই ছোট্টো থেকেই, দূরে শহরের কোনো মানুষকে 'বাড়ি কোথায়?' এই প্রশ্নের উত্তরটা দিতে গিয়ে বহুবারই বলি যে, "ঐ যে সোনামুখী জানেন তো? বাঁকুড়ার?" বলে সোনামুখীর সাহায্য নিয়েছি সে কথা অনস্বীকার্য। আর সময়ের মায়াজালে এখন বেশ শক্তভাবেই জড়িয়ে পড়েছি বহুবছরের ইতিহাস বিজড়িত এই সোনামুখী শহরের সাথে। কারণ আমার বর্তমান শিক্ষাক্ষেত্র হল সোনামুখী কলেজ।

**ভূমিকা ঃ–** অন্তর্জাল ঘেঁটে এই শহরের ইতিহাস জানতে গিয়ে রোমাঞ্চিত হলাম এই কথা বলাই বাহুল্য। খ্রীস্টীয় সপ্তদশ শতকে সোনামুখী ছিল এক গ্রাম্য বসতি এবং পাল বংশের সময়কালীন খ্রিষ্টীয় সপ্তম থেকে দশম শতকে সোনামুখী বৌদ্ধ ও জৈন ধর্মের এক কেন্দ্র হিসাবে খ্যাতি অর্জন করেছিল। আর সেই সময় থেকেই বাংলায় গড়ে উঠতে থাকে নগর।

**নামকরণ ঃ–** "সোনামুখী" নামটির পিছনে কারণ হিসেবে জানা যায় দেবী স্বর্ণময়ীর কথা যিনি আজও এই শহরে পূজিত হন এক হিন্দু দেবী হিসেবে। খ্রিস্টীয় সপ্তদশ শতকে সোনামুখী বিখ্যাত ছিল তাঁত শিল্পের জন্য; তাঁত ও তন্তুজ বস্তুর শিল্প বাণিজ্যে সোনামুখীর খ্যাতি ছিল আলাদা উচ্চতায়। ইতিহাসের স্মৃতি বিজড়িত গন্ধে পরিপূর্ণ বাঁকুড়া জেলার শিল্প সংস্কৃতি ও ঐতিহ্যের অমূল্য ভান্ডারে "সোনামুখী" আসলেই এক "স্বর্ণখনি"। আর বাংলার মানচিত্রে বর্তমান সময়ে তো "সোনামুখী"-কে ডাকাই হয় – "কালি-কার্তিকের শহর" বলে।

**জনসংখ্যা ঃ–** ২০১১ সালের জনগণনা অনুযায়ী সোনামুখীর জনসংখ্যা ২৯,৮৫ যার ৫১ শতাংশ পুরুষ ও ৪৯ শতাংশ মহিলা। ১৮৬৬ খ্রিঃ প্রতিষ্ঠিত সোনামুখী পৌরসভার অধীনে থাকা অধিকাংশ এলাকাগুলি গ্রামপঞ্চায়েতের অধীনে হলেও এদেরকে সোনামুখী অবিচ্ছেদ্য অঙ্গ বলা চলে।

**সোনামুখী কলেজ ঃ–** সোনামুখী শহরের তুলনায় অনেকটাই নবীন সোনামুখী কলেজের প্রতিষ্ঠাকাল ১৯৬৬ খ্রিঃ। এই কলেজে বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিষয়ে স্নাতক স্তরে পঠনপাঠন চলে। সোনামুখী শহরের প্রান্তে জনকোলাহলের বাইরে জঙ্গল উপকণ্ঠে গড়ে উঠেছে এই কলেজ। যা শুধু সোনামুখী ও তার পার্শ্ববর্তী এলাকাগুলিরই নয়, হয়ে উঠেছে দূর-দূরান্ত থেকে আসা বহু ছাত্রছাত্রীর নির্ভরতার কেন্দ্র। বহু আদিবাসী ভাই-বোন, দাদা-দিদিদের নগণ্য খরচে সরকারি কলেজ থেকে স্নাতক ডিগ্রি অর্জন করার সুযোগ করে দিয়েছে এবং দিচ্ছে এই কলেজ। পড়ানোর পাশাপাশি NCC, NSS, খেলাধুলা ও বিভিন্ন শিক্ষামূলক অনুষ্ঠান এবং শিক্ষামূলক ভ্রমণের মাধ্যমে সার্বিক বিকাশের দিকে সচেষ্ট আমাদের কলেজ। এই কলেজের ছাত্রছাত্রীদের সাথে শিক্ষক-শিক্ষিকাদের ভালো আচরণমূলক সম্পর্ক শিক্ষাঙ্গনটিকে করে তুলেছে "মুক্তাঙ্গন।"

সোনামুখী ও সোনামুখী কলেজের অন্তর্মিলন ঃ– সোনামুখী ও সোনামুখী কলেজের অন্তর্মিলনটা আরও সুন্দর হয়ে ওঠে যখন মনে পড়ে যায় এতো মন্দিরের ভিড়ে কোনো নামাজ পাঠকারীকে তো আর্তনাদ করতে শোনা যায় না, অথবা 'কালি-কার্তিকের ভিড়ে কোনো রহিম-রাবেয়াকে তো প্ররোচিত করতে পারে না। পারে না কারণ ভারতবর্ষ আমাদের শেখায় উদারতা, শেখায় মহামিলনের অস্তিত্ব। বাংলার উজ্জ্বল শিল্প, ইতিহাস ও ঐতিহ্য নিয়ে বাংলার রত্ন হয়ে উঠুক সোনামুখী ও সোনামুখী কলেজ।

# সোনামুখী ও সোনামুখী কলেজ

## SONAMUKHI & SONAMUKHI COLLEGE

– প্রদীপ ব্যানার্জী (১ম সেমিস্টার) ইংরাজী বিভাগ
Pradip Banerjee (1st Secm.), English Dept.
তৃতীয় স্থানাধিকারী (3rd Position Holder)


"The power of the city pulses
with endless opportunities
and infinite possibilities".

এমনই অসীমিত সুযোগ ও সম্ভাবনার সমন্বয়ে গড়ে উঠেছে প্রাচীন 'রাঢ়বঙ্গ' বা বর্তমান বাঁকুড়া জেলার সোনামুখী শহরটি। কালের স্রোতে এই সোনামুখীতে ঘটেছে বিভিন্ন মনীষীর আগমন। তাদের মধ্যে অন্যতম হলেন কণিকা বন্দ্যোপাধ্যায় (গায়ক), বেচু দত্ত, রাধাগোবিন্দ বরাট, মনোহর দাস, ঠাকুর হরনাথ ইত্যাদি। এই শহরের অলিতে গলিতে ছড়িয়ে রয়েছে বিভিন্ন মন্দির। ইংরেজ সাহেবদের নীলকুঠি। এই শহরের মধ্যখানে অবস্থিত স্বর্ণময়ী দেবীর মন্দির। এই আরাধ্য দেবীর নামানুসারে এই শহরের নাম হয় 'সোনামুখী'। (স্বর্ণমুখী > স্বর্ণময়ী > সোনামুখী)। মন্দিরটি আজও সোনামুখীর বুকে অবস্থিত। প্রাচীনকাল থেকে বিভিন্ন রাজা-মহারাজা, বর্গী, ডাকাত প্রভৃতিদের আক্রমণের কোপ সহ্য করে রাঢ়বঙ্গের বুকে আজও সসম্মানে স্বমহিমায় দাঁড়িয়ে আছে সুযোগ-সুবিধা সমৃদ্ধ এই শহর। উপরোক্ত ইংরেজী উপমার সাথে এই শহরের তুলনা যথাযথ। বর্তমানে এই শহর খুবই উন্নত। এই শহরের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য রয়েছে পৌরসভা। এছাড়া সোনামুখীর আশেপাশের গ্রাম্য সমস্যার সমাধানের জন্য রয়েছে ব্লক অফিস। বিভিন্ন জলজ সমস্যা সমাধানের জন্য ডি.ভি.সি. এবং শহরকে বনজ প্রাণীর হাত থেকে রক্ষার জন্য রয়েছে ফরেস্ট অফিস। এছাড়াও বহু অফিস অবস্থিত এই শহরে। শহরের প্রতিটি এলাকা বা ওয়ার্ডে রয়েছে শিশুশিক্ষার সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানগুলিতে প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত শিক্ষাদান করা হয়। এরপর এই ক্ষুদ্র শিক্ষার্থীরা ভর্তি হয় সোনামুখীর বিভিন্ন মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক শিক্ষাস্তরের বিদ্যালয়ে। বিদ্যালয়ের এই আট বছর সকল শিক্ষার্থীর কাটে আনন্দ সহকারে। তারপর এই বিদ্যালয় জীবন শেষ হয় উচ্চ-মাধ্যমিকের শেষ ঘন্টাধ্বনির সাথে। তারপর এই প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীরা ভর্তি হয় বিভিন্ন কলেজে। এই কলেজগুলির মধ্যে অন্যতম হলো সোনামুখী কলেজ। এই কলেজের শুভ সূচনা হয় ১৯৬৬ সালে। কলেজের প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ ছিলেন অনন্তলাল পাত্র মহাশয়। এই প্রতিষ্ঠান ২০২৪ সালে ৫৮তম বর্ষে পাঁচ দশকের বেশি সময় ধরে এই শিক্ষায়তন মানসম্পন্ন শিক্ষাদান করে আসছে। এই কলেজ সোনামুখীর বিষ্ণুপুর-দুর্গাপুর রোডের পাশে অবস্থিত। এই কলেজ বিজ্ঞান বিভাগের পাশাপাশি কলা ও বাণিজ্য বিভাগেও শিক্ষা প্রদান করে থাকে। যা শিক্ষার্থীদের ভবিষ্যতের পথকে প্রশস্ত করে। এই কলেজে শিক্ষকরা ছাত্রছাত্রীদের প্রতি খুবই সহানুভূতিশীল ও বন্ধুত্বপূর্ণ ভাব বজায় রাখেন। শিক্ষা ইমারতের পাশাপাশি এখানে আছে গ্রন্থাগার,

পরীক্ষাগার, ময়দান যা শিক্ষার্থীদের দৈহিক ও মানসিক বিকাশে সাহায্য করে। এছাড়াও এই কলেজ শিক্ষার্থীদের সুবিধান জন্য বিভিন্ন সেমিনার অনুষ্ঠান করে থাকেন। বর্তমান এই কলেজের অধ্যক্ষ ড. বাপ্পাদিত্য মণ্ডল মহাশয় এবং কলেজের অন্যান্য শিক্ষক-শিক্ষিকারা নিজ নিজ ক্ষেত্রে উচ্চশিক্ষিত এবং খুবই অভিজ্ঞ। কলেজে প্রতি চার বছর অন্তর 'NAAC'-এর পরিদর্শকরা আসেন এবং তারা শেষ এসেছিলেন ২০২২ সালে এবং এই কলেজের গ্রেড-কে এক ধাপ উন্নীত করেন, যা আমাদের শিক্ষার্থীদের এবং কলেজের ক্ষেত্রে খুবই গর্বের বিষয়। দিন দিন এই কলেজ যে অগ্রগতির পথে হাঁটছে, আমরা শিক্ষার্থীরা এই পথেরই পথিক এবং আমরা এই কলেজকে রাজ্যের একটি অন্যতম কলেজে রূপান্তরিত করার শপথ নিচ্ছি।

The college degree is not
the finishing of a person
it is the indication of person
to prepare for life."

এই জীবনের পথকে সহজ ও সুন্দর করার লক্ষ্যেই অধিষ্ঠিত সোনামুখী কলেজ।




**Honourable Inspector of Colleges (I.C) of Bankura University at our Central Library on the Day of Academic Audit of Academic Year 2022-2023**



A BIRD'S-EYE VIEW OF OUR COLLEGE